# পশ্চিমবঙ্গে "শিশু সুরক্ষা সমিতি" গঠন এবং মজবুত করে তোলার জন্য নির্দেশিকা

---

এই সমিতি সুসংহত শিশু সুরক্ষা প্রকল্পর অন্তর্গত গ্রাম ও ব্লক এবং শহরে / ওয়ার্ড স্তরে স্থাপিত হবে


सत्यमेव जयते

পশ্চিমবঙ্গ সরকার

নারী ও শিশুবিকাশ ও সমাজকল্যাণ বিভাগ

# পশ্চিমবঙ্গে "শিশু সুরক্ষা সমিতি" গঠন এবং মজবুত করে তোলার জন্য নির্দেশিকা

এই সমিতি সুসংহত শিশু সুরক্ষা প্রকল্পর অন্তর্গত গ্রাম ও ব্লক এবং শহরে / ওয়ার্ড স্তরে স্থাপিত হবে

# ভূমিকা

শিশুদের অধিকার রক্ষার প্রধান দায়িত্ব রাজ্যের। কিন্তু শিশুর সুস্থ জীবনের জন্য তার মা বাবা এবং সমাজের ভূমিকা যে সবসময়ই অত্যন্ত গুরুত্বপূর্ণ, তা সম্প্রতি চালু হওয়া সুসংহত শিশু সুরক্ষা প্রকল্পে স্বীকৃত হয়েছে। এই প্রকল্পের জন্য রাজ্যকে সমাজ ভিত্তিক শিশু সুরক্ষার এমন পদ্ধতি স্থাপন, উন্নয়ন এবং মজবুত করতে হবে যেগুলি তৃণমূল স্তরে শিশুর অধিকারকে স্বীকার করবে, উন্নত এবং দৃঢ়তর করবে। শিশু সুরক্ষা সমিতি (সি পি সি) হল এইরকম একটি সমাজ ভিত্তিক শিশু সুরক্ষার পদ্ধতি যা সমাজের মধ্যেই শিশুর অধিকারকে রক্ষা করে এবং শিশুর অধিকার ভঙ্গের / লঙ্ঘনের ঘটনার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করে। শিশু সুরক্ষা সমিতি (সি পি সি)-র এই কর্মপদ্ধতি বহু উন্নয়ন সংস্থা এবং স্বেচ্ছাসেবী সংস্থা নানা পরিস্থিতিতে এবং সামাজিক ব্যবস্থায় পরীক্ষামূলকভাবে কাজে লাগিয়ে অত্যন্ত আশাব্যঞ্জক ফল পেয়েছে।

শিশু সুরক্ষা সমিতি (সি পি সি)-র বর্তমান নির্দেশিকা তৈরি করা হয়েছে পশ্চিমবঙ্গ এবং দেশের অন্যান্য অঞ্চলের প্রতিষ্ঠানিক শিক্ষা এবং নাগরিক সামাজিক সংস্থাগুলির (সি এস ও) অভিজ্ঞতার উপর ভিত্তি করে।

**নির্দেশিকাটি তৈরি করা হয়েছে সুসংহত শিশু সুরক্ষা প্রকল্পের নিয়মাবলী এবং উদ্দেশ্যকে মাথায় রেখে যাতে শিশু সুরক্ষা সমিতি নিম্নোক্ত লক্ষ্যগুলি পূরণ করে।**

১. শিশুর অধিকার সম্পর্কে সমাজের সচেতনতা এবং জ্ঞান বাড়ানো।

২. শিশুর যাতে সবচেয়ে ভাল হয় তার জন্য তার মা বাবা এবং সমাজের স্বভাব বদলানো।

৩. সমাজে শিশুর অধিকার লঙ্ঘনের ঘটনা ঘটছে কিনা তার উপর নজরদারি এবং ঘটলে তার ব্যবস্থা নেওয়া এবং প্রয়োজনে উপযুক্ত কর্তৃপক্ষকে জানানো।

৪. শিশুদের জন্য সরকারি ব্যবস্থা এবং প্রকল্পের বিষয়ে সমাজে সচেতনতা বাড়ানো।

৫. যেসব শিশুদের সুরক্ষার সবচেয়ে প্রয়োজন তাদের চিহ্নিত করা এবং প্রত্যেক শিশুর জন্য শিশু সুরক্ষা পরিকল্পনা তৈরি করা এবং তা উপযুক্ত কর্তৃপক্ষকে (শিশু কল্যাণ সমিতি, কিশোর ন্যায়বিচার পর্ষদ, পুলিস এবং আইন বিভাগ) জানানো।

৬. প্রত্যেক ঘটনার ক্ষেত্রে গোপনীয়তা বজায় রাখা।

Dr. SHASHI PANJA
Minister-Of-State (Independent Charge)
Department of Women and Child Development
Govt. of West Bengal
Office : Writers' Buildings, Kolkata
Off. : 2214-5671, Telefax : 2214-5660
E-mail : shashipanja@yahoo.com

सत्यमेव जयते

D. O. / Memo No. ........................... Date ................................

# মন্ত্রীর কলমে

শিশুরা হল আমাদের অত্যন্ত গুরুত্বপূর্ণ জাতীয় সম্পদ। তাদের বৃদ্ধি, বিকাশ, নিরাপত্তা এবং সুরক্ষার জন্য সবরকমের সুযোগ দেওয়া আমাদের দায়িত্ব। দেশের ভবিষ্যৎ উন্নয়নের চাবিকাঠি রয়েছে দেশের শিশুদের সার্বিক বিকাশে। সময়ের সঙ্গে সঙ্গে শিশু সুরক্ষায় পদক্ষেপ গ্রহণ প্রয়োজনীয় হয়ে উঠেছে। এই প্রয়োজনের ফলস্বরূপ সৃষ্টি হওয়া সুসংহত শিশু সুরক্ষা প্রকল্পের (আই সি পি এস) উদ্দেশ্য হল শিশুদের বিপদের আশঙ্কা কমানো এবং সবরকম সম্ভাব্য বিপদ এবং বিপদের আশঙ্কা থেকে তাদের রক্ষা করা। এই প্রকল্প সর্বস্তরে শিশু সুরক্ষার জন্য সমিতি তৈরি করার কথা বিবেচনা করছে। এই সমিতিগুলি সরকার এবং নাগরিক সমাজের যৌথ উদ্যোগে তৈরি হবে। পশ্চিমবঙ্গে কয়েকটি সুপরিচিত সংস্থা ইতিমধ্যেই তৃণমূল স্তরে শিশু সুরক্ষা সমিতি পরিচালনা করছে। বর্তমান নির্দেশিকা তাদের সাহায্য নিয়ে তৈরি করা হয়েছে। বর্তমান সমিতিগুলিকে এই নির্দেশিকা অনুযায়ী পুনর্গঠিত করা হবে। আমাদের লক্ষ্য হল, শিশুদের সুরক্ষার জন্য প্রত্যেক গ্রাম, ব্লক এবং ওয়ার্ড স্তরে একটি করে সমিতি স্থাপন করা।

শুভেচ্ছা সহ

Shashi Panja

**(ডঃ শশী পাঁজা)**
রাষ্ট্রমন্ত্রী (স্বাধীন দায়িত্বপ্রাপ্ত)
শিশু উন্নয়ন ও নারী উন্নয়ন এবং সমাজকল্যাণ দপ্তর

সত্যমেব জয়তে

**শ্রীমতী রোশনি সেন, আই এ এস**
সচিব
শিশু উন্নয়ন দপ্তর এবং নারীউন্নয়ন ও সমাজকল্যাণ দপ্তর
পশ্চিমবঙ্গ সরকার
বিকাশ ভবন, নর্থ ব্লক, দশম তল
সল্টলেক, কলকাতা-৭০০ ০৯১
ফোন : (+৯১৩৩) ২৩৩৪ ১৫৬৩; ফ্যাক্স (+৯১ ৩৩) ২৩৩৪ ১৯১৮
ই-মেইল : secdsw@gmail.com, sen.r@nic.in

# মুখবন্ধ

গত কয়েক বছর ধরে শিশু সুরক্ষার ক্ষেত্রে একটি নতুন ধারার সৃষ্টি হয়েছে। শিশুর অধিকারগুলির উপর রাষ্ট্রপুঞ্জের অধিবেশনের (ইউ এন সি আর সি) একজন স্বাক্ষরকারী হিসেবে ভারতবর্ষ সবসময়ই শিশু সম্পর্কিত বিষয়ে প্রতিশ্রুতিবদ্ধ। বহু বছরের অভিজ্ঞতায় দেখা গেছে যে স্বাস্থ্য, শিক্ষা, দীর্ঘ জীবন এবং যোগদান — উন্নয়নের এই বিভিন্ন উপাদানগুলির জন্য শিশু সুরক্ষা আবশ্যক এবং এগুলি প্রত্যেকটি প্রত্যেকটির সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। এগুলি নিশ্চিত করার জন্য ভারত সরকার সুসংহত শিশু সুরক্ষা প্রকল্প চালু করেছে যাতে যেসব শিশুর যত্ন ও সুরক্ষার প্রয়োজন এবং আইনের সঙ্গে সংঘাতে আসা শিশুদের সুরক্ষা নিশ্চিত করা যায়। এই লক্ষ্য পূরণের জন্য তৃণমূল স্তরে সমিতি গঠন করা প্রয়োজন। আই সি পি এস গ্রাম / ব্লক এবং ওয়ার্ড স্তরে সমিতি গড়ার উপর জোর দেয় শিশুদের জন্য একটি সুরক্ষা বলয় সৃষ্টি করার উদ্দেশ্যে এবং তারা যাতে এই পুরো প্রক্রিয়াতে অর্থপূর্ণভাবে যোগদান করতে পারে তার জন্য।

গ্রামাঞ্চলে গ্রাম / ব্লক স্তরের শিশু সুরক্ষা সমিতি এবং শহরাঞ্চল এবং শহরতলীতে ওয়ার্ড স্তরের সমিতি, যেগুলিতে পি আর আই / আরবান লোকাল বডি (ইউ এল বি) (শহরাঞ্চলের স্থানীয় সংগঠন) গুলির সদস্যরা মুখ্য ভূমিকা পালন করবে। আমাদের লক্ষ্য হল আগামী কয়েক বছরের মধ্যে পশ্চিমবঙ্গের প্রত্যেকটি গ্রামে শিশু সুরক্ষা সমিতি গঠন করা। রাজ্য শিশু সুরক্ষার সমিতির (পশ্চিমবঙ্গ) উদ্যোগে তৈরি এই নির্দেশিকা হল সেই লক্ষ্যে পৌছানোর প্রথম বলিষ্ঠ পদক্ষেপ। সেভ দ্য চিলড্রেন সংস্থার প্রযুক্তিগত সাহায্যে ও নেতৃত্বে বিভিন্ন প্রতিষ্ঠিত স্বেচ্ছাসেবী সংস্থা, যেমন, চাইল্ড ইন নীড ইনস্টিটিউট, অল বেঙ্গল উইমেন্স ইউনিয়ন, উইমেন্স ইন্টারলিঙ্ক ফাউন্ডেশন, প্রাজক, জবালা অ্যাকশন রিসার্চ সেন্টার, সংযোগ, জয়প্রকাশ ইনস্টিটিউট অফ সোশাল চেঞ্জ ও সোশিও লিগ্যাল এইড ট্রেনিং অ্যাণ্ড রিসার্চ সেন্টারের অবদানে এই নির্দেশিকা তৈরি হয়েছে। এই পুস্তিকার বঙ্গানুবাদে বিশেষভাবে সাহায্য করেছেন কলকাতা পুলিশের ডেপুটি কমিশনার শ্রী দেবাশিস বড়াল। পরিশেষে উল্লেখ্য যে ইউনিসেফ-এর সঙ্গে নিবিড় যোগাযোগ এবং তাদের লাগাতার সাহায্য ছাড়া এই উদ্যোগ কোনভাবেই সম্ভব হত না।

আসুন আমরা সমস্ত শিশুদের সুরক্ষা নিশ্চিত করার শপথ গ্রহণ করি।

Roshni Sen

(রোশনি সেন)

# নির্দেশিকার বিন্যাস


১. **শিশু সুরক্ষা সমিতিদের (সি পি সি) উপস্থাপনা**

১.১ গ্রাম স্তরের শিশু সুরক্ষা সমিতি

১.২ ব্লক / ওয়ার্ড স্তরের শিশু সুরক্ষা সমিতি

২. **শিশু সুরক্ষা সমিতির গঠন**

২.১ গ্রাম স্তরের শিশু সুরক্ষা সমিতির গঠন

২.২ ব্লক / ওয়ার্ড স্তরের শিশু সুরক্ষা সমিতির গঠন

৩. **শিশু সুরক্ষা সমিতিগুলির স্থাপনা**

৩.১ শহরাঞ্চলে ব্লক / ওয়ার্ড স্তরের শিশু সুরক্ষা সমিতি

৩.২ গ্রাম স্তরের শিশু সুরক্ষা সমিতি

৪. **বিভিন্ন শিশু সুরক্ষা সমিতির ভূমিকা ও দায়িত্ব**

৪.১ শহরাঞ্চলে ব্লক / ওয়ার্ড স্তরের শিশু সুরক্ষা সমিতি

৪.২ গ্রাম স্তরের শিশু সুরক্ষা সমিতি

৪.৩ নির্দিষ্ট সময়সীমায় মিটিং

৪.৪ পদাধিকারীদের কর্মসূচী

i. সভাপতি

ii. সচিব / আহ্বায়ক

iii. কোষাধ্যক্ষ

iv. শিশু প্রতিনিধি

৪.৫ শিশু সুরক্ষা সমিতির ক্ষমতা এবং সীমাবদ্ধতা

i. শিশু সুরক্ষা সমিতির বিজ্ঞপ্তি পত্র

ii. গ্রামের শিশু সুরক্ষা সমিতির মেয়াদ এবং কর্মখালি

iii. যে কোন আইন সংক্রান্ত বিষয়ে সি পি সি-র জন্য নির্দেশাবলী

iv. শিশুসুরক্ষা সমিতির জন্য আর্থিক বিষয়ে নির্দেশাবলী

৫. **শিশু সুরক্ষা সমিতির সাহায্যকারী বিশেষজ্ঞ সংস্থার সঙ্গে সংযোগ স্থাপন পদ্ধতি**

৬. **নজরদারি এবং রিপোর্ট পেশ করার পদ্ধতি**

৬.১ নজরদারির পদ্ধতি

৬.২ সি পি সি-গুলির রিপোর্ট পেশ করা

৬.৩ রিপোর্ট পেশের সময়সীমা

৬.৪ বার্ষিক মূল্যায়ন

৭. **পুরস্কার এবং প্রশংসা**

৮. **সি পি সি-গুলির প্রশিক্ষণ এবং ক্ষমতা বৃদ্ধি**

৯. **শিশু সুরক্ষার আচরণ বিধি এবং দায় বহনের পদ্ধতি**

১০. **সংযোজন**

১০.১ মিটিং-এর কার্য বিবরণ রিপোর্ট / কর্তৃপক্ষের কাছে রিপোর্ট পেশ করা এবং উচ্চ পর্যায়ের সঙ্গে যোগাযোগ বজার রাখা

১০.২ সুরক্ষার ঝুঁকি / ঘটনাবলী / বিপদ আশঙ্কার পরিসংখ্যান (সি পি সি-গুলির)

১০.৩ সাহায্যকারী বিশেষজ্ঞ সংস্থাগুলির ভূমিকা

# শিশু সুরক্ষা সমিতির জন্য নির্দেশিকা

শিশু সুরক্ষা সমিতির (সি পি সি) জন্য নির্দেশিকা, যা সুসংহত শিশু সুরক্ষা প্রকল্প-র অন্তর্গত গ্রাম / ওয়ার্ড এবং ব্লক স্তরে চালু হবে, নিম্নোক্ত পর্যায়গুলিতে বিবৃত হয়েছে :

## ১। শিশু সুরক্ষা সমিতির (সি পি সি) উপস্থাপনা

সি পি সি হল একটি সামাজিক গোষ্ঠী যার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের প্রধান কর্তব্য হল সমাজে শিশুদের জন্য বন্ধুত্বপূর্ণ এবং নিরাপদ পরিবেশ তৈরি করা, যেখানে সব শিশুর সুন্দর জীবনযাপন, নিরাপত্তা এবং অধিকার সুরক্ষিত থাকে। সমাজে শিশু সুরক্ষা সংক্রান্ত সমস্ত বিষয়ে নজরদারি, রিপোর্ট পেশ করা এবং ব্যবস্থা নেওয়ার দায়িত্ব থাকবে সি পি সি-র উপরে। এলাকার শিশু সুরক্ষার ব্যাপারে সেখানকার মানুষদের সচেতনতা বাড়ানোর জন্য সি পি সি-কে নতুন ধরণের পরিকল্পনা করতে হবে। যে কোন শিশু সুরক্ষার বিষয়ে সি পি সি-কে জেলা শিশু সুরক্ষা সমিতির সঙ্গে সমন্বয় রেখে কাজ করতে হবে। শিশু সুরক্ষা বিষয়গুলির পরিচালনা করার জন্য সি পি সি-কে বার্ষিক কর্মসূচীর পরিকল্পনা তৈরি করতে হবে। সুসংহত শিশু সুরক্ষা প্রকল্প-র দ্বারা পশ্চিমবঙ্গে স্থাপিত জেলা শিশু সুরক্ষা সমিতি এবং উচ্চতর পর্যায়ের সুরক্ষা সমিতির সঙ্গে সি পি সি-গুলিকে সংযোগ রেখে কাজ করতে হবে এবং তাদের কাছে রিপোর্ট পেশ করতে হবে। সামাজিক স্তরে শিশু সুরক্ষা সংক্রান্ত সচেতনতা বাড়ানোর কাজে সি পি সি-কে বিভিন্ন অর্থলগ্নিকারি এবং দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি / সংস্থাকে নিয়োগ করতে হবে।

দু'টি স্তরে সি পি সি থাকবে -- একটি গ্রাম স্তরে এবং দ্বিতীয়টি ব্লক / ওয়ার্ড স্তরে। জেলা স্তরে শিশু সুরক্ষার কাজ জেলা শিশু সুরক্ষা সমিতি নিয়ন্ত্রণ করবে। সারা রাজ্যে এই নিয়ন্ত্রণের কাজ করবে পশ্চিমবঙ্গ রাজ্য শিশু সুরক্ষা সমিতি।

**স্তর ১ : রাজস্ব (revenue) / জনগণনাভুক্ত গ্রামস্তর**

### ১.১ গ্রাম স্তরের শিশু সুরক্ষা সমিতি (ভি এল সি পি সি)

রাজ্যের প্রত্যেকটি গ্রামে গ্রাম স্তরের শিশু সুরক্ষা সমিতি স্থাপিত হবে। এই সমিতি শিশুদের অধিকার রক্ষার জন্য প্রতিরোধ, রিপোর্ট পেশ, নজরদারি, সুরক্ষা এবং সবরকমের ব্যবস্থা নেবে। ভি এল সি পি সি হবে একটি আঞ্চলিক সমাজ ভিত্তিক সংস্থা যার কাজে আঞ্চলিক সমাজের সদস্যরা, শিশুরা, সরকারি কর্মচারিরা এবং নির্বাচিত প্রতিনিধিরা অংশগ্রহণ করবে।

**স্তর ২ : ব্লক / ওয়ার্ড স্তর (শহরের ওয়ার্ড) :**

গ্রামাঞ্চলের এবং শহরাঞ্চলের শাসনব্যবস্থার উপর নির্ভর করে এই দু'রকমের সমিতির গঠনে তফাৎ থাকবে।

### ১.২ ব্লক / ওয়ার্ড স্তরের শিশু সুরক্ষা সমিতি (বি এল সি পি সি / ডব্লিউ এল সি পি সি)।

#### ১.২.১ ব্লক স্তরের শিশুসুরক্ষা সমিতি (বি এল সি পি সি) :

বি এল সি পি সি, ভি এল সি পি সি-দের সাহায্য করবে পরিকল্পনায়, আয় ব্যয়ের হিসাব রক্ষায়, সচেতনতা তৈরির কার্যকলাপে, ক্ষমতা বৃদ্ধিতে এবং আই সি পি এস-এর নির্দেশিকা আর জেলা শিশু সুরক্ষা সমিতির (ডি সি পি এস) সহযোগিতায় অন্যান্য কার্যকলাপে। বি এল সি পি সি, ভি এল সি পি সি-দের থেকে নিয়মিত রিপোর্ট নেবে এবং সেই রিপোর্টগুলি এবং সেই সঙ্গে তারা কি ব্যবস্থা গ্রহণ করেছে তার রিপোর্ট ডি সি পি এস-এর কাছে জমা দেবে। শিশু সুরক্ষা এবং শিশু অধিকার ভঙ্গের ঘটনা ভি এল সি পি সি, বি এল সি পি সি-কে জানাবে।

#### ১.২.২ শহরাঞ্চলে ওয়ার্ড স্তরে শিশু সুরক্ষা সমিতি (ডব্লিউ এল সি পি সি) :

ডব্লিউ এল সি পি সি-গুলি শহরাঞ্চলে তৈরি হবে এবং ডি সি পি এস-এর কাছে রিপোর্ট করবে। ডব্লিউ এল সি পি সি-র উদ্দেশ্য হবে ডি সি পি এস-এর সাহায্যে শিশুদের সুরক্ষার ব্যাপারে নজরদারি, রিপোর্ট পেশ, ব্যবস্থা গ্রহণ করা, উচ্চতর পর্যায়ে জানানো এবং সমাজে সচেতনতা বৃদ্ধি করা।

## ২। শিশু সুরক্ষা সমিতির গঠন

২.১ গ্রাম[১] / ওয়ার্ড স্তরের গ্রাম শিশু সুরক্ষা সমিতির গঠন :

| ক্রমিক সংখ্যা | কারা সদস্য হতে পারে | ভিএলসিপিসি | মহিলাদের জন্য সংরক্ষিত | পদ |
|---|---|---|---|---|
| ১। | শিশু প্রতিনিধি (১২-১৮ বছর)। যদি ওই সমাজে শিশু গোষ্ঠী থাকে তাহলে সেই গোষ্ঠী মনোনয়ন করবে, নাহলে স্কুলের শিক্ষক/শিক্ষিকা শিশুদের মনোনয়ন করবেন | ২ | ১ | সদস্য |
| ২। | অঙ্গনওয়াড়ি কর্মী | ১ | ১ | কোষাধ্যক্ষ |
| ৩। | স্থানীয় স্কুলের শিক্ষক/শিক্ষিকা (স্কুল পরিদর্শক মনোনয়ন করবেন) | ১ | - | সদস্য |
| ৪। | মহিলা স্বাস্থ্য কর্মী (এ এন এম) | ১ | ১ | সদস্য |
| ৫। | সমাজভিত্তিক সদস্য/স্বেচ্ছাসেবী সংস্থা/ ভি এইচ এস সি/মহিলা স্বনির্ভর গোষ্ঠী (সভাপতি সিদ্ধান্ত নেবেন সচিবের সঙ্গে পরামর্শ করে) | ২ | ১ | সদস্য |
| ৬। | ওই সমাজের গণ্যমান্য এবং শ্রদ্ধেয় ব্যক্তি (সভাপতি সিদ্ধান্ত নেবেন সচিব, গ্রাম উন্নয়ন পরিষদের প্রতিনিধির সঙ্গে/স্বনির্ভর গোষ্ঠী বিবেচ্য) | ২ | - | সদস্য |
| ৭। | গ্রামের নির্বাচিত প্রতিনিধি (সভাপতি সিদ্ধান্ত নেবেন সচিবের সঙ্গে) | ১ | - | সদস্য |
| ৮। | স্থানীয় পঞ্চায়েতি রাজ কেন্দ্রের প্রধান | ১ | - | সভাপতি |
| ৯। | স্কুল পরিচালন সমিতির সদস্য অভিভাবক (সভাপতি সিদ্ধান্ত নেবেন সচিবের সঙ্গে) | ১ | - | সদস্য |
| ১০। | অঙ্গনওয়াড়ি সুপারভাইজার (সিডিপিও নাম পাঠাবেন) | ১ | ১ | আহ্বায়ক / সদস্য সচিব |
| ১১। | পিছিয়ে পড়া গোষ্ঠীর প্রতিনিধি (তপশিলি, উপজাতি, সংখ্যালঘু, প্রতিবন্ধী (সভাপতি সিদ্ধান্ত নেবেন সচিবের সঙ্গে) | ২ | ১ | সদস্য |
| | **মোট** | **১৫** | **৬** | |

১ এই নির্দেশিকায় উল্লিখিত গ্রাম হল গ্রাম সংসদ কিংবা সরকার ঘোষিত ‘ওয়ার্ড’।

ভি এল সি পি সি-র সভায় বি এল সি পি সি, ডি সি পি এস, এস সি পি এস, ডি এস ডব্লিউ ও, এস পি, ডি এম (জেলা শাসক) যোগ দিতে পারেন।

**বিশেষ দ্রষ্টব্য :** ৬টি পদ মহিলাদের জন্য সংরক্ষিত। সমিতিতে মহিলা সদস্যের সংখ্যা বাড়াবার ব্যাপারে ভি এল সি পি সি-কে উদ্যোগ নিতে হবে। শিশু প্রতিনিধিদের ক্ষেত্রে +১ পদ মেয়েদের জন্য সংরক্ষিত রাখতে হবে। ৮টি পদ অসংরক্ষিত।

সমিতির মেয়াদ হবে ৩ বছর। তারপর ডি এস পি এস-এর বিজ্ঞপ্তি অনুযায়ী পুনর্গঠিত হবে।

২.২.১ ব্লক / ওয়ার্ড স্তরের শিশু সুরক্ষা সমিতির গঠন

২.২.২ ব্লক স্তরের শিশু সুরক্ষা সমিতির (বি এল সি পি সি) গঠন

| ক্রমিক সংখ্যা | কারা সদস্য হতে পারে | বিএলসিপিসি | মহিলাদের জন্য সংরক্ষিত | পদ |
|---|---|---|---|---|
| ১। | ব্লক ডেভেলপমেন্ট অফিসার | ১ | - | সদস্য সচিব |
| ২। | শিশু উন্নয়ন প্রকল্প আধিকারিক | ১ | ১ | কোষাধ্যক্ষ |
| ৩। | ব্লক স্তরের পঞ্চায়েত সমিতির (পি আর আই) প্রতিনিধি | ১ | - | সভাপতি |
| ৪। | জেলা শিশু সুরক্ষা সমিতির প্রতিনিধি (ডি সি পি এস মনোনয়ন করবে) | ১ | - | সদস্য |
| ৫। | ভি এল সি পি সি-র সভাপতি - প্রধান (পঞ্চায়েত প্রধান) | ৭-১০ | - | সদস্য |
| ৬। | শিশু প্রতিনিধি (বি এল সি পি সি-র প্রত্যেক মিটিং-এ যোগ দেওয়ার জন্য ভি এল সি পি সি থেকে ২ জন শিশুকে আমন্ত্রণ জানানো হবে। ঘুরিয়ে ঘুরিয়ে ব্লকের প্রত্যেক ভি এল সি পি সি থেকে শিশুদের নেওয়া হবে)। সদস্য সচিব সিদ্ধান্ত নেবেন। | ২ | ১ | সদস্য |
| ৭। | স্বেচ্ছাসেবী সংস্থা / সি এস ও-র প্রতিনিধি (সভাপতির সঙ্গে সদস্য সচিব মনোয়ন করবেন। ওই ব্লকে যে সব স্বেচ্ছাসেবী সংস্থা শিশু সংক্রান্ত কাজ করছে তাদের অগ্রাধিকার দেওয়া হবে। | ২ | - | সদস্য |
| ৮। | চাইল্ড লাইন-এর প্রতিনিধি (চাইল্ড লাইন নাম পাঠাবে) | ১ | - | সদস্য |
| ৯। | ব্লক শিক্ষা আধিকারিক | ১ | - | সদস্য |
| ১০। | ব্লক মেডিকেল অফিসার অফ হেল্‌থ | ১ | - | সদস্য |
| ১১। | পুলিশ প্রতিনিধি (এস এইচ ও বা উচ্চতর স্তর) স্পেশাল জুভেনাইল পুলিশ অফিসার দ্বারা মনোনীত | ১ | - | সদস্য |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২। | অভিভাবক প্রতিনিধি (বি এল সি পি সি-র প্রতি মিটিং-এ ভি এল সি পি সি থেকে ২ জন অভিভাবককে যোগদান করার জন্য আমন্ত্রণ জানানো হবে। এক একবার ব্লকের এক একটি ভি এল সি পি সি থেকে ডাকা হবে যাতে সবাই সুযোগ পায়)। সদস্য সচিব চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন | ২ | ১ | সদস্য |
| ১৩। | ব্লক-এর নামী উকিল (সদস্য সচিব দ্বারা মনোনীত) | ১ | - | সদস্য |
| ১৪। | আমন্ত্রিত অতিথি (সদস্য সচিব) সিদ্ধান্ত নেবেন - নারী ও শিশু কল্যাণ আধিকারিক বিবেচিত হতে পারেন | ১ | - | পরিবর্তনশীল সদস্য |
| ১৫। | ব্লক-এর লেবার ইন্সপেক্টর (সদস্য সচিব দ্বারা মনোনীত) | ১ | - | |
| ১৬। | অতিথি পরামর্শদাতা / সদস্য (সদস্য সচিব আমন্ত্রণ জানাবেন) | ১ | - | পরিবর্তনশীল সদস্য |
| | **মোট সদস্য** | **২৫-২৮** | **৩** | |

বি এল সি পি সি-র সভায় ডি সি পি এস, এস সি পি এস, ডি এস ডব্লিউ ও, এস পি, ডি এম (জেলা শাসক) যোগ দিতে পারেন।

**বিশেষ দ্রষ্টব্য :** ৩টি আসন মহিলাদের জন্য সংরক্ষিত। সমিতিতে মহিলা সদস্য সংখ্যা বাড়াবার ব্যাপারে বি এল সি পি সি-কে উদ্যোগ নিতে হবে। শিশু প্রতিনিধিদের ক্ষেত্রে ১টি আসন মেয়েদের জন্য সংরক্ষিত।

সমিতির মেয়াদ হবে ৩ বছর। তারপর ডি সি পি এস-এর বিজ্ঞপ্তি অনুযায়ী পুনর্গঠিত হবে।

২.২.১ ওয়ার্ড স্তরের শিশু সুরক্ষা সমিতির (ডব্লিউ এল সি পি সি) গঠন

| **ক্রমিক সংখ্যা** | **কারা সদস্য হতে পারে** | **ডব্লিউএলসিপিসি** | **মহিলাদের জন্য সংরক্ষিত** | **পদ** |
|---|---|---|---|---|
| ১। | নির্বাচিত ওয়ার্ড কাউন্সিলর | ১ | - | সভাপতি |
| ২। | আই সি ডি এস তত্ত্বাবধায়ক (সুপারভাইজার) (ডি এস ডব্লিউ ও-র মনোনীত) | ১ | ১ | কোষাধ্যক্ষ |
| ৩। | সি ডি পি ও / সহকারি সি ডি পি ও (জেলা প্রোগ্রাম অফিসার মনোনয়ন করবেন) | ১ | - | সদস্য সচিব |
| ৪। | জেলা শিশু সুরক্ষা সমিতির প্রতিনিধি (ডি সি পি এস-এর মনোনীত) | ১ | - | সদস্য |
| ৫। | শিশু প্রতিনিধি (১২-১৮ বছর) যদি শিশু গোষ্ঠী থাকে তবে সেই গোষ্ঠী মনোয়ন করবে, না হলে স্থানীয় স্কুলের শিক্ষক / শিক্ষিকা মনোনয়ন করবেন। ওই ওয়ার্ড-এ একাধিক স্কুল থাকলে ঘুরিয়ে ঘুরিয়ে মনোনীত করতে হবে। | ২ | ১ | সদস্য |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬। | স্বেচ্ছাসেবী সংস্থা / সি এস ও / ক্লাব / যুব সমিতির প্রতিনিধি / মহিলা নেত্রী / শহরাঞ্চলের স্থানীয় গোষ্ঠীর প্রতিনিধি (সভাপতির মনোনীত) | ২ | ১ | সদস্য |
| ৭। | স্থায়ী সেবামূলক সংগঠন বা রেসিডেন্সিয়াল ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন (আর ডব্লিউ এ) -এর সদস্য (সভাপতির মনোনীত) | ১ | - | সদস্য |
| ৮। | চাইল্ডলাইন-এর প্রতিনিধি (চাইল্ডলাইন দ্বারা মনোনীত) | ১ | - | সদস্য |
| ৯। | স্থানীয় স্কুলের প্রধান শিক্ষক (জেলা স্কুল পরিদর্শক দ্বারা মনোনীত) | ১ | - | সদস্য |
| ১০। | মেডিকেল অফিসার-ইন-চার্জ (এম ও আই সি) (চীফ মেডিকেল অফিসার অফ হেল্‌থ দ্বারা মনোনীত) | ১ | - | সদস্য |
| ১১। | পুলিস প্রতিনিধি - এস এইচ ও বা উচ্চতর পদাধিকারী (পুলিশ কমিশনার দ্বারা মনোনীত) | ১ | - | সদস্য |
| ১২। | অভিভাবকদের প্রতিনিধি (স্কুলের এস এম সি বা পরিচালক মণ্ডলীর সদস্য, সভাপতি দ্বারা মনোনীত) একাধিক স্কুল থাকলে ঘুরিয়ে ঘুরিয়ে নির্বাচিত হবে। | ২ | ১ | সদস্য |
| ১৩। | লেবার ইনস্পেক্টর (ডিস্ট্রিক্ট লেবার সুপারিন্টেডেন্ট দ্বারা মনোনীত) | ১ | - | সদস্য |
| ১৪। | আমন্ত্রিত অতিথি (সভাপতি দ্বারা আমন্ত্রিত) | ১ | - | পরিবর্তনশীল পদ |
| | **মোট সদস্য** | **১৭** | ৪ | |

ডব্লিউ এল সি পি সি-র সভায় ডি সি পি এস, এস সি পি এস, ডি এস ডব্লিউ ও-এর সদস্য বা এস পি, ডি এম (জেলা শাসক) যোগদান করতে পারেন।

**বিশেষ দ্রষ্টব্য** : ৪টি আসন মহিলাদের জন্য সংরক্ষিত। সমিতিতে মহিলা সদস্যদের সংখ্যা বাড়ানোর ব্যাপারে ডব্লিউ এল সি পি সি-কে উদ্যোগ নিতে হবে। শিশু প্রতিনিধিদের ক্ষেত্রে ১টি আসন মেয়েদের জন্য সংরক্ষিত থাকবে।

সমিতির মেয়াদ হবে ৩ বছর। তারপরে ডি সি পি এস-এর বিজ্ঞপ্তি অনুযায়ী পুনর্গঠিত হবে।

## ৩। শিশু সুরক্ষা সমিতির গঠন

শিশু সুরক্ষা সমিতির (সি পি সি) গঠন শুরুর পদ্ধতি চালু করবে জেলা শিশু সুরক্ষা সমিতি, রাজ্য শিশু সুরক্ষা সমিতির কাছ থেকে প্রয়োজনীয় নির্দেশ / বিজ্ঞপ্তি পাওয়ার পর। এই পদ্ধতির অন্তর্গত থাকবে বি এল সি পি সি এবং শহরাঞ্চলে ডব্লিউ এল সি পি সি গঠন। বি এল সি পি সি গঠনের পরে ভি এল সি পি সি গঠনের কাজ শুরু হবে। এই সমিতিগুলি গঠনের বিস্তারিত পদ্ধতি নিচে দেওয়া হল :

### ৩.১ শহরাঞ্চলে ব্লক / ওয়ার্ড স্তরের শিশু সুরক্ষা সমিতি

### ৩.১.১ ব্লক স্তরের শিশু সুরক্ষা সমিতি (বি এল সি পি সি)

i. জেলা শিশু সুরক্ষা সমিতি সমস্ত ব্লক ডেভেলপমেন্ট অফিসারকে একটি চিঠি পাঠাবে ব্লকে বি এল সি পি সি গঠনের কাজ শুরু করতে এবং উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশিকা অনুযায়ী সদস্য নির্বাচন করতে। বি এল সি পি সি গঠনের নির্দেশিকা এবং আই সি পি এস-এর সহজ তর্জমা চিঠির সঙ্গে পাঠানো হবে। চিঠির কপি পুলিশ সুপারিন্টেন্ডেন্ট, সি ই ও - জেলা পরিষদ, চিফ মেডিকেল অফিসার, জেলা স্কুল পরিদর্শক এবং অন্যান্য প্রয়োজনীয় ব্যক্তিদের পাঠিয়ে তাদের অনুরোধ জানানো হবে ২ মাসের মধ্যে বি এল সি পি সি-র সদস্যদের নাম পাঠাতে। ডিস্ট্রিক্ট কালেক্টর (জেলার প্রধান রাজস্ব আদায়কারী)-কে এই পদ্ধতির বিষয়ে আগাম জানাতে হবে এবং ডি সি পি এস-কে তার কাছে চিঠির কপি পাঠাতে হবে।

ii. ডি সি পি এস-কে একটি পরবর্তী চিঠি পাঠাতে হবে নিশ্চিত করতে যে বি এল সি পি সি-র সদস্য হওয়ার জন্য মনোয়ন উপযুক্ত কর্তৃপক্ষের কাছ থেকে পাওয়া গেছে।

iii. বি এল সি পি সি-র প্রথম মিটিং পরিচালনা করার জন্য ডি সি পি এস-কে সব বি ডি ও-দের চিঠি পাঠাতে হবে বি এল সি পি সি-র তালিকা ও মিটিং-এর কার্য বিবরণ চেয়ে। চিঠিতে মিটিং-এর আলোচ্য বিষয়সূচী এবং বি এল সি পি সি-র নির্দেশিকা থাকতে হবে। বি এল সি পি সি-র প্রথম মিটিং পরিচালনা করতে হবে ২ মাসের সময়সীমার মধ্যে কিংবা যেমন ডি সি পি এস সিদ্ধান্ত নেবে।

iv. যতগুলি বি এল সি পি সি গঠিত হবে, ডি সি পি এস সেগুলি তালিকাভুক্ত করবে এবং সেই তথ্য এস সি পি এস-কে পাঠাবে আপডেট এবং নথিভুক্ত করার জন্য।

v. বি এল সি পি সি-গুলির গঠনের কাজ ১-৩ মাসের মধ্যে কিংবা এস সি পি এস-এর সিদ্ধান্ত অনুযায়ী করতে হবে।

vi. গঠন এবং সদস্য সংখ্যা বাড়াবার জন্য বি এল সি পি সি-র দিকে ডি সি পি এস-কে সাহায্যর হাত বাড়িয়ে দিতে হবে। বি এল সি পি সি-র প্রথম মিটিং, যেখানে ভি এল সি পি সি-র গঠন প্রক্রিয়াও থাকবে, তার আলোচ্য বিষয়সূচী ডি সি পি এস-কে তৈরি করার প্রস্তাব রাখা হচ্ছে।

vii. বি এল সি পি সি-র প্রথম মিটিং-এ উপস্থিত থেকে ডি সি পি এস-এর প্রতিনিধি শিশু সুরক্ষার বিষয় এবং ভি এল সি পি সি-র গঠন পদ্ধতি বিস্তারিত ভাবে পেশ করবেন।

viii. বি এল সি পি সি-র প্রথম মিটিং-এ শুধুমাত্র মনোনীত সদস্যরা থাকবেন, কিন্তু ভি এল সি পি সি গঠিত হওয়ার পরে শিশু এবং মা-বাবারাও যোগ দেবেন। এই পর্যায়ে বি এল সি পি সি-টি গঠিত হয়ে গেছে বলে ধরা হবে।

### ৩.১.২ শহরাঞ্চলে ওয়ার্ড স্তরের শিশু সুরক্ষা সমিতি (ডব্লিউ এল সি পি সি)

i. জেলা শিশু সুরক্ষা সমিতি একটি চিঠি পাঠাবে জেলা কর্মসূচী আধিকারিক (আই সি ডি এস), ডব্লিউ এল সি পি সি সদস্য সচিব পদে সি ডি পি ও / সহকারি সি ডি পি ও-কে মনোনয়ন করার জন্য এবং শহরাঞ্চলের ওয়ার্ডটিতে ডব্লিউ এল সি পি সি গঠনের কাজ শুরু করার জন্য। ডব্লিউ এল সি পি সি গঠনের নির্দেশিকা এবং সহজবোধ্য আই সি পি এস-এর কপি চিঠির সঙ্গে পাঠানো হবে। চিঠির কপি সমস্ত প্রয়োজনীয় কর্তৃপক্ষকে পাঠাতে হবে সদস্যদের মনোনয়ন এবং ডব্লিউ এল সি পি সি গঠনের কাজে সাহায্যের জন্য।

ii. ডব্লিউ এল সি পি সি-র সদস্যপদের জন্য উপযুক্ত কর্তৃপক্ষের মনোনয়ন এসেছে কিনা তা নিশ্চিত করার জন্য ডি সি পি এস-এর পরবর্তী চিঠিটি পাঠাতে হবে।

iii. ডব্লিউ এল সি পি সি-র প্রথম মিটিং সময়মত পরিচালনা করার জন্য ডি সি পি সি-কে চিঠি পাঠাতে হবে

ডি পি ও (আই সি ডি এস)-র কাছে। সেই সঙ্গে ডব্লিউ এল সি পি সি-র তালিকা এবং মিটিং-এর কার্য বিবরণ চাইতে হবে। চিঠিতে মিটিং-এর আলোচ্য বিষয়সূচী এবং ডব্লিউ এল সি পি সি-র নির্দেশিকা থাকতে হবে। ডব্লিউ এল সি পি সি-র প্রথম মিটিং পরিচালনা করতে হবে ১-৩ মাস বা ডি সি পি এস-এর নির্দিষ্ট সময়সীমার মধ্যে।

iv. যতগুলি ডব্লিউ এল সি পি সি গঠিত হয়েছে, তার তালিকা নথিভুক্ত করে ডি সি পি এস-কে সেই তথ্য পাঠাতে হবে এস সি পি এস-এর কাছে আপডেট্-এর জন্য।

v. ডব্লিউ এল সি পি সি গঠনের পদ্ধতিটি ১-৩ মাস বা এস সি পি এস-এর নির্দিষ্ট সময়সীমার মধ্যে সম্পূর্ণ করতে হবে।

vi. গঠন এবং সদস্য সংখ্যা বাড়াবার জন্য ডব্লিউ এল সি পি সি-র দিকে ডি সি পি এস-কে সাহায্যের হাত বাড়িয়ে দিতে হবে। সমিতির অন্যান্য প্রতিনিধিদের মনোনয়নের জন্য ডি সি পি এস-কে প্রথম মিটিং-এর আলোচ্য বিষয়সূচী তৈরি করার প্রস্তাব দেওয়া হল।

vii. ডব্লিউ এল সি পি সি-র সদস্য সচিব, কোষাধ্যক্ষ এবং সভাপতিকে নিয়ে ডি সি পি এস-কে একটি মিটিং করার প্রস্তাব দেওয়া হচ্ছে যেখানে তাদের নিজেদের দায়িত্ব এবং ভূমিকা বুঝিয়ে দেওয়া হবে, যদি ওয়ার্ড-এর সংখ্যা ১০০-র বেশি হয় তাহলে দল বা গুচ্ছ করে এই ধরণের মিটিং করতে হবে।

viii. শহরাঞ্চলে এক দিনের এই পরিচিতি (বুঝিয়ে দেওয়া) সভার প্রয়োজনীয় ব্যবস্থা এবং অর্থ ডি সি পি এস-কে দিতে হবে এবং স্বেচ্ছাসেবী সংস্থা এবং নাগরিক সমাজকে এ ব্যাপারে সাহায্য করতে বলা হবে।

## ৩.২ গ্রাম স্তরের শিশু সুরক্ষা সমিতিগুলি (ভি এল সি পি সি)

i. জেলা শিশু সুরক্ষা সমিতি সমস্ত ব্লক ডেভেলপমেন্ট অফিসারকে একটি চিঠি পাঠাবে গ্রামগুলিতে ভি এল সি পি সি গঠনের কাজ শুরু করার জন্য এবং উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশিকা অনুযায়ী সদস্য মনোনয়ন করার জন্য। ডি সি পি এস-এর সিদ্ধান্ত অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষকে চিঠির একটি কপি পাঠাতে হবে।

ii. বি এল সি পি সি-র সদস্য সচিব সমস্ত পঞ্চায়েত প্রধান এবং সি ডি পি ও-কে একটি চিঠি পাঠাবেন ওইসব পঞ্চায়েতের অন্তর্গত গ্রামগুলিতে ভি এল সি পি সি গঠনের কাজ শুরু করার জন্য। ভি এল সি পি সি-র সদস্য মনোনয়নের জন্য উপযুক্ত কর্তৃপক্ষকেও চিঠির একটি কপি পাঠানো হবে।

iii. বি এল সি পি সি-র পক্ষ থেকে নিজের নিজের ব্লকের সমস্ত পঞ্চায়েত প্রধান, সি ডি পি ও, এম ও আই সি, স্কুল পরিদর্শক, থানার ভারপ্রাপ্ত অফিসার, স্বেচ্ছাসেবী সংস্থা এবং অন্যান্য উপযুক্ত কর্তৃপক্ষকে আমন্ত্রণ জানাতে হবে ভি এল সি পি সি গঠনের পদ্ধতির বিষয়ে পরিচয় করানোর জন্য। ডি সি পি এস-এর প্রতিনিধিকে আমন্ত্রণ জানাতে হবে সমস্ত অংশগ্রহণকারীকে নির্দেশিকা অনুযায়ী ভি এল সি পি সি গঠনের পদ্ধতি বুঝিয়ে দেওয়ার জন্য। এই কাজের জন্য স্বেচ্ছাসেবী সংস্থার সাহায্য নেওয়া যেতে পারে।

iv. ভি এল সি পি সি-গুলির গঠন এবং সমস্ত ভি এল সি পি সি-র তালিকা এবং নির্দিষ্ট ফরম্যাট-এ সদস্যদের টেলিফোন নম্বর সহ রিপোর্ট পাঠাতে হবে ১-৩ মাসের মধ্যে।

v. ভি এল সি পি সি-র গঠন পদ্ধতি শুরু করার জন্য পঞ্চায়েত প্রধান পঞ্চায়েতের প্রধান দপ্তরে একটি ছোট মিটিং করবেন অঙ্গনওয়াড়ি কর্মী, শিক্ষক/শিক্ষিকা এবং অন্যান্য উপযুক্ত ব্যক্তিদের সঙ্গে।

vi. অঙ্গনওয়াড়ি কমিটি গ্রাম স্তরে একটি মিটিং-এর ব্যবস্থা করবেন যেখানে ভি এল সি পি সি-র গঠন এবং নির্দেশিকা অনুযায়ী এটির উদ্দেশ্য জানানো হবে। ভি এল সি পি সি গঠনের মিটিং-এ সভাপতিত্ব করবেন পি আর আই।

vii. ভি এল সি পি সি-র সদস্য সচিব তথ্য এবং নথি বজায় রাখবেন এবং পঞ্চায়েত প্রধানের মারফত ভি এল সি পি সি-র তালিকা বি ডি ও-কে পাঠাবেন।

viii. ভি এল সি পি সি-গুলি গঠিত হওয়ার সঙ্গে সঙ্গে সর্বশেষ পরিস্থিতি এবং তথ্য ও নথি জানানোর জন্য বি এল সি পি সি-র সদস্য সচিবকে রিপোর্ট পাঠাবেন ভি এল সি পি সি-র সভাপতি।

**শিশু সুরক্ষা সমিতি গঠনের জন্য সাধারণ নির্দেশিকা**

i. পত্রপত্রিকা টেলিভিশনের সাহায্যে আই সি পি এস, তার বিভিন্ন উপাদান এবং নানা স্তরের সমিতিগুলির বিষয়ে সচেতনতা সৃষ্টি করা। যেসব স্থানীয় স্বেচ্ছাসেবী সংস্থা শিশুদের অধিকার নিয়ে কাজ করছে, তাদের অনুরোধ করা হবে সচেতনতা সৃষ্টির জন্য প্রচারকার্য চালাতে।

ii. গ্রাম স্তরে ভি এল সি পি সি গঠন করতে গেলে ওই অঞ্চলে যারা সেবামূলক কাজ করে এবং মাঠে নেমে কাজ করে (প্রধান শিক্ষক, শিক্ষক, মহিলা স্বাস্থ্য কর্মী, আশা, অঙ্গনওয়াড়ি কর্মী) এবং নাগরিক সমাজের সংগঠনগুলির (স্থানীয় স্বেচ্ছাসেবী সংস্থা, স্বনির্ভর গোষ্ঠী, মহিলা মণ্ডল, যুব ক্লাব ইত্যাদি) সহায়তার প্রয়োজন হবে।

iii. প্রত্যেকটি জেলায় বিশেষ উদ্যোগ নিতে হবে সংসদ সভা / গ্রাম সভা / ওয়ার্ড স্তরের মিটিং / আর ডব্লিউ এ / শহরাঞ্চলের স্থানীয় সংগঠনের মিটিং-এর মাধ্যমে ভি এল সি পি সি / ডব্লিউ এল সি পি সি গঠন করার।

iv. বি এল সি পি সি / ডব্লিউ এল সি পি সি এবং ভি এল সি পি সি গঠনের জন্য প্রয়োজনীয় অর্থের ব্যবস্থা ডি সি পি এস করবে।

v. নাগরিক সমাজের সংগঠনগুলির সঙ্গে হাত মিলিয়ে এস সি পি এস-কে কিছু শিশু সুরক্ষা সম্পর্কিত আই ই সি (তথ্যমূলক, শিক্ষামূলক এবং সহজবোধ্য)-র সরঞ্জাম তৈরি করতে হবে যেগুলি বিভিন্ন সমিতি ব্যবহার করবে ও প্রচার করবে।

## ৪। বিভিন্ন শিশু সুরক্ষা সমিতির ভূমিকা ও দায়িত্ব

### ৪.১ শহরাঞ্চলে ব্লক / ওয়ার্ড স্তরের শিশু সুরক্ষা সমিতি

#### ৪.১.১ ব্লক স্তরের শিশু সুরক্ষা সমিতি (বি এল সি পি সি)

i. একটি ব্লক-এর সেইসব শিশুদের জন্য একটি প্রয়োজনের মূল্যায়ন রিপোর্ট তৈরি করতে হবে যারা মোটামুটি দুটি শ্রেণীতে পড়ে, যেমন, আইনের সঙ্গে সংঘাতে আসা শিশুদের এবং 'যে সব শিশুদের যত্ন এবং নিরাপত্তার প্রয়োজন'। এই রিপোর্ট-এ ডি সি পি এস-এর দেওয়া নিয়মাবলী অনুযায়ী তথ্য থাকতে হবে। জেলার প্রয়োজনের মূল্যায়ন এবং ব্লক-এর প্রয়োজনের মূল্যায়ন-এর রিপোর্ট পেশ করার ফরম্যাট বা নিয়মাবলী দেবে এস সি পি এস।

ii. শিশুদের উপর ভেদাভেদ, দুর্ব্যবহার, অত্যাচার, বর্বরতার ঘটনা ঘটলে, সে ব্যাপারে অনুসন্ধান করে (নির্ধারিত সময়সীমার মধ্যে) তার ফলাফল এবং মতামত উপযুক্ত কর্তৃপক্ষকে জানাতে হবে। ডি সি পি এস-কে একটি কপি দিতে হবে।

iii. প্রয়োজনের মূল্যায়ন রিপোর্ট তৈরিতে ভি এল সি পি সি-কে সাহায্য করতে হবে।

iv. গ্রামে শিশুদের একটি গোষ্ঠী বা শিশু পঞ্চায়েত গঠনের ব্যাপারে প্রচার করতে হবে এবং উৎসাহ দিতে হবে। এই শিশু পঞ্চায়েতের মাধ্যমে ওই অঞ্চলের শিশুরা তাদের সমস্যার কথা এবং মতামত জানাতে পারবে।

v. ভি এল সি পি সি-র নিয়মিত মিটিং বিভাগের নির্দেশ অনুযায়ী, ভি এল সি পি সি যেন নিয়মিত মিটিং করতে পারে, তার ব্যবস্থা করা। ভি এল সি পি সি-র কাছ থেকে নিয়মিত খবরাখবর এবং তথ্য গ্রহণ করা এবং তার ভিত্তিতে শিশুদের এবং তাদের অধিকার রক্ষার ব্যাপারে ব্যবস্থা নেওয়া এবং ভি এল সি পি সি-কে মতামত দেওয়া।

vi. যারা ব্যবস্থা গ্রহণ করবে তাদের এবং ভি এল সি পি সি-র মধ্যে যোগাযোগ রক্ষা করা।

vii. শিশু সুরক্ষা, সরকারি পরিকল্পনা, প্রকল্প এবং ব্যবস্থার বিষয়ে ভি এল সি পি সি-কে বুঝিয়ে দেওয়া এবং তাদের ক্ষমতা বৃদ্ধি করা।

### ৪.১.২ ওয়ার্ড স্তরের শিশু সুরক্ষা সমিতিগুলির (ডব্লিউ এল সি পি সি) ভূমিকা ও দায়িত্ব

i. ওই অঞ্চলের শিশুদের বিশেষত 'যে সব শিশু অসুবিধাজনক পরিস্থিতিতে রয়েছে', তাদের বিষয়ে ওয়ার্ড ভিত্তিক প্রয়োজনের মূল্যায়ন রিপোর্ট ডি সি পি এস-এর দেওয়া নিয়মাবলী অনুযায়ী তথ্যসহ তৈরি করতে হবে।

ii. ওই ওয়ার্ড-এর অন্তর্গত অঞ্চলের শিশুদের রক্ষা করার জন্য মা বাবাদের উৎসাহিত করা।

iii. শিশুদের উপর যে কোন রকমের অত্যাচারের বিরুদ্ধে সোচ্চার হওয়ার জন্য শিশুদের এবং সাধারণ মানুষদের বোঝানো।

iv. শিশু পাচার, বাল্য বিবাহ, শিশু শ্রমিক নিয়োগ এবং শ্রমের উদ্দেশ্যে শিশুদের অন্যত্র পাঠানোর বিরুদ্ধে রুখে দাঁড়ানোর জন্য সমাজে সচেতনতা বাড়ানো।

v. বাড়ির কাজের জন্য, কারখানায়, ধাবায় নিয়োজিত শিশু শ্রমিক কিংবা সি এল পি আর এ ১৯৮৬ বা বন্ডেড লেবার অ্যাক্ট ১৯৭৬ সংক্রান্ত তথ্য উপযুক্ত কর্তৃপক্ষকে জানাতে হবে ওই শিশুদের উদ্ধার করার জন্য।

vi. সন্তানদের নিয়মিত স্কুলে পাঠানোর ব্যাপারে মা বাবাদের সচেতনতা ও সংবেদনশীলতা তৈরি করা।

vii. শিশু সুরক্ষার ব্যাপারে ওয়ার্ডে সচেতনতা বাড়ানোর উদ্দেশ্যে মাঝে মাঝে প্রচার কার্য চালানো।

viii. শিশু সুরক্ষা সংক্রান্ত প্রধান সমস্যাগুলি, সাফল্য এবং সুযোগ সম্পর্কিত রিপোর্ট নিয়মিত ডি সি পি এস-কে পাঠানো।

ix. ওয়ার্ড এলাকার জন্য একটি বার্ষিক শিশু সুরক্ষা পরিকল্পনা তৈরি করে সে বিষয়ে ডি সি পি এস-কে জানানো এবং তাদের সাহায্য ও মতামত নেওয়া।

x. ওয়ার্ডের 'স্কুল ছেড়ে দেওয়া এবং নিখোঁজ শিশুদের' নথি রাখা।

xi. বিশেষ বিশেষ ক্ষেত্রে সাহায্যকারী বিশেষজ্ঞের সাহায্য চেয়ে ডি সি পি এস-এর কাছে আবেদন পত্র দেওয়া।

xii. শিশু সুরক্ষার বিরোধী ক্ষতিকারক অভ্যাস বন্ধ করার প্রচেষ্টা নেওয়া যেমন : লিঙ্গ ভিত্তিক গর্ভপাত, বাল্য বিবাহ, শারীরিক আঘাত দিয়ে শাস্তি, শিশু শ্রমিক নিয়োগ ইত্যাদি।

xiii. ভাল অভ্যাসকে উৎসাহিত করা, যেমন জন্ম নথিকরণ, আধার কার্ড নথিকরণ, স্কুলে ভর্তি করা, যারা অন্যত্র কাজ করতে গেছে তাদের নথি রাখা ইত্যাদি।

xiv. ডব্লিউ এল সি পি সি, ডি সি পি এস-এর সঙ্গে যোগাযোগ রাখবে পাচারের শিকার এমন শিশু, অনাথ শিশু এবং অভিভাবকহীন শিশুদের উদ্ধার এবং পুনঃপ্রতিষ্ঠার ব্যাপারে। ডি সি পি এস-এর সঙ্গে আলোচনার মাধ্যমে ডব্লিউ এল সি পি সি প্রত্যেক ঘটনার জন্য সাহায্য করবে।

xv. ওয়ার্ডে কোন শিশুর যদি লালন পালনের প্রয়োজন হয়, তাহলে আই সি পি এস-এ উল্লিখিত সমাজ ভিত্তিক পালিত পরিবারে শিশুর প্রতিপালনের ব্যবস্থা করবে ডব্লিউ এল সি পি সি প্রতিটি ঘটনা অনুযায়ী। এই সব ক্ষেত্রে ডি সি পি এস,এস সি পি এস-এর পরামর্শ নিয়ে ডব্লিউ এল সি পি সি-কে সাহায্য করবে।

xvi. শিশুদের উন্নতি এবং সুরক্ষার জন্য অন্য যে কোনও কার্যকলাপ।

xvii. ডি সি পি এস বা এস সি পি এস দ্বারা নির্দেশিত শিশু সুরক্ষা সংক্রান্ত অন্য যে কোনও কার্যকলাপ।

xviii. ওয়ার্ড অঞ্চলে শিশু সুরক্ষার ব্যাপারে সচেতনতা বৃদ্ধির জন্য ডব্লিউ এল সি পি সি স্থানীয় উন্নয়নমূলক সংগঠন,

চেম্বার অফ কমার্স এবং অন্যান্য সমভাবসম্পন্ন নাগরিক সমাজ সংস্থার সঙ্গে হাত মিলিয়ে কাজ করতে পারে।

xix. ওয়ার্ড স্তরে / স্কুল স্তরে শিশুদের অংশগ্রহণ এবং শিশু পঞ্চায়েত গঠনে সাহায্য করা ও উৎসাহিত করা।

xx. শিশুদের উপর ভেদাভেদ, দুর্ব্যবহার, অত্যাচার, বর্বরতার ঘটনা ঘটলে সে ব্যপারে অনুসন্ধান করে (নির্ধারিত সময় সীমার মধ্যে) তার ফলাফল এবং মতামত উপযুক্ত কর্তৃপক্ষকে জানাতে হবে। ডি সি পি এস-কে একটি কপি দিতে হবে।

xxi. ডব্লিউ এল সি পি সি-এর নিয়মিত মিটিং বিভাগের নির্দেশ অনুযায়ী নিয়মিত মিটিং করতে হবে। ডি সি পি এস-এর কাছে ওয়ার্ড স্তরের শিশু সুরক্ষার সমস্যাগুলি, মিটিং-এর বিবরণসূচী এবং কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে তার রিপোর্ট কিংবা ডি সি পি এস / এস সি পি এস-এর চাওয়া অন্য কোনও রিপোর্ট পেশ করতে হবে।

xxii. সাহায্যকারী বিশেষজ্ঞের সাহায্যের ব্যাপারে ডি সি পি এস-এর সঙ্গে যোগাযোগ রাখতে হবে।

**৪.২ গ্রাম স্তরের শিশু সুরক্ষা সমিতির (ভি এল সি পি সি) ভূমিকা ও দায়িত্ব**

i. ওই অঞ্চলের শিশুদের, বিশেষত 'যে সব শিশু কঠিন পরিস্থিতিতে রয়েছে' তাদের বিষয়ে, গ্রামভিত্তিক প্রয়োজনের মুল্যায়ন রিপোর্ট বি এল সি পি সি-র দেওয়া নিয়মাবলী অনুযায়ী তথ্য সহ তৈরি করতে হবে।

ii. গ্রামের মানচিত্র তৈরি করে যে সব শিশুর সবচেয়ে বেশি সুরক্ষার প্রয়োজন তাদের চিহ্নিত করা এবং মা বাবাদের উৎসাহিত করা ওই গ্রামগুলির শিশুদের রক্ষা করার জন্য।

iii. শিশুদের উপর যে কোন রকমের অত্যাচারের বিরুদ্ধে সোচ্চার হওয়ার জন্য শিশুদের এবং সাধারণ মানুষদের বোঝানো।

iv. শিশু পাচার, বাল্য বিবাহ, শিশু শ্রমিক নিয়োগ এবং শ্রমের উদ্দেশ্যে শিশুদের অন্যত্র পাঠানোর বিরুদ্ধে রুখে দাঁড়ানোর জন্য সমাজে সচেতনতা বাড়ানো।

v. সন্তানদের নিয়মিত স্কুলে পাঠানোর ব্যাপারে মা বাবাদের সচেতনতা এবং সংবেদনশীলতা তৈরি করা।

vi. গ্রামগুলিতে শিশু সুরক্ষার ব্যাপারে সচেতনতা বাড়ানোর উদ্দেশ্যে মাঝে মাঝে প্রচারকার্য চালানো।

vii. শিশু সুরক্ষা সংক্রান্ত প্রধান সমস্যাগুলি, সাফল্য এবং সুযোগ সম্পর্কিত রিপোর্ট নিয়মিত বি এল সি পি সি-কে পাঠানো।

viii. গ্রামগুলির জন্য একটি বার্ষিক শিশু সুরক্ষা পরিকল্পনা তৈরি করে সে বিষয়ে বি এল সি পি সি-কে জানানো এবং তাদের সাহায্য ও মতামত নেওয়া।

ix. গ্রামের স্কুল ছেড়ে দেওয়া, কাজের জন্য অন্যত্র চলে যাওয়া এবং নিখোঁজ শিশুদের নথি রাখা।

x. বিশেষ ক্ষেত্রে সাহায্যকারী বিশেষজ্ঞের সাহায্যের জন্য বি এল সি পি সি-র কাছে আবেদনপত্র পাঠানো।

xi. শিশু সুরক্ষার বিরোধী ক্ষতিকারক অভ্যাস বন্ধ করার প্রচেষ্টা নেওয়া, যেমন : লিঙ্গভিত্তিক গর্ভপাত, বাল্য বিবাহ, শারীরিক আঘাত দিয়ে শাস্তি, শিশু শ্রমিক নিয়োগ ইত্যাদি।

xii. ভাল অভ্যাসকে উৎসাহিত করা, যেমন জন্ম নথিকরণ, আধার কার্ড নথিকরণ, স্কুলে ভর্তি করা, যারা অন্যত্র কাজ করতে গেছে তাদের নথি রাখা ইত্যাদি।

xiii. ভি এল সি পি সি, বি এল সি পি সি এবং ডি সি পি এস-এর সঙ্গে যোগাযোগ রাখবে, পাচারের শিকার এমন শিশু, অনাথ শিশু এবং অভিভাবকহীন শিশুদের উদ্ধার এবং পুনঃপ্রতিষ্ঠার ব্যাপারে। ডি সি পি এস-এর সঙ্গে আলোচনার মাধ্যমে বি এল সি পি সি প্রত্যেক ঘটনার জন্য সাহায্য করবে।

xiv. গ্রামে কোন শিশুর যদি লালন পালনের প্রয়োজন হয়, তাহলে ভি এল সি পি সি প্রতিটি ঘটনা অনুযায়ী আই

সি পি এস-এ উল্লিখিত সমাজ ভিত্তিক পালিত পরিবারে শিশুর প্রতিপালনের ব্যবস্থা করবে। এই সব ক্ষেত্রে বি এল সি পি সি, ডি সি পি এস-এর পরামর্শ নিয়ে ভি এল সি পি সি-কে সাহায্য করবে।

xv. শিশুদের উন্নতি এবং সুরক্ষার জন্য অন্য যে কোনও কার্যকলাপ।

xvi. ডি সি পি এস, বি এল সি পি সি বা এস সি পি এস দ্বারা নির্দেশিত শিশু সুরক্ষা সংক্রান্ত অন্য যে কোনও কার্যকলাপ।

xvii. গ্রামগুলিতে শিশু সুরক্ষার ব্যাপারে সচেতনতা বৃদ্ধির জন্য ভি এল সি পি সি নাগরিক সমাজ সংস্থার সঙ্গে হাত মিলিয়ে কাজ করতে পারে।

xviii. গ্রাম স্তরে শিশুদের অংশগ্রহণ এবং 'শিশু গোষ্ঠী' গঠনের ব্যাপারে সাহায্য করা ও উৎসাহিত করা।

**৪.৩ নির্দিষ্ট সময়ের ব্যবধানে মিটিং**

i. সদস্য সচিবের দ্বারা নির্বাচিত স্থানে প্রতি তিন মাসে একটি বি এল সি পি সি-র মিটিং হওয়া উচিত।

ii. সদস্য সচিবের দ্বারা নির্বাচিত স্থানে প্রতি তিন মাসে একটি ডব্লিউ এল সি পি সি-র মিটিং হবে।

iii. সদস্য সচিবের দ্বারা নির্বাচিত স্থানে প্রতি মাসে ভি এল সি পি সি-র মিটিং হবে। মিটিং স্থলটি সাধারণের গম্য হতে হবে, যেমন স্কুল, অঙ্গনওয়াড়ি কেন্দ্র বা গ্রামের ভেতরে কোনও জায়গা।

**বিভিন্ন স্তরের সি পি সি মিটিংগুলির জন্য সাধারণ নির্দেশিকা**

i. প্রয়োজন হলে সভাপতি তৎক্ষণাৎ জরুরি মিটিং ডাকতে পারেন।

ii. সভাপতি / সদস্য বিষয়সূচী বহির্ভূত যে কোনও জরুরি বিষয় মিটিং-এ পেশ করতে পারেন।

iii. সদস্য সংখ্যার ২/৩ অংশ লিখিত অনুরোধ করলে সভাপতি বা তাঁর অনুপস্থিতিতে সচিব বিশেষ মিটিং ডাকতে পারেন।

iv. সমিতির কাছে কত কাজ জমা রয়েছে তার উপর মিটিং-এর দৈর্ঘ্য নির্ভর করবে।

v. শিশু সুরক্ষা সমিতির মিটিংগুলিতে ওই সমিতির সদস্য সংখ্যার অন্তত অর্ধেক সদস্যকে উপস্থিত থাকতে হবে। যে কোনও সিদ্ধান্ত ভোটাভুটির দ্বারা গৃহিত হবে। পক্ষে ও বিপক্ষে সমসংখ্যক ভোট পড়লে সভাপতির ভোট দেওয়ার ক্ষমতা আছে।

**৪.৪ পদাধিকারিদের কাজ**

**সাধারণ নির্দেশিকা**

- প্রত্যেক শিশু সুরক্ষা সমিতির সচিব সেই সেই সমিতির নথি এবং দরকারি কাগজপত্রের রক্ষাণাবেক্ষণ করবেন।

i. **সভাপতি**

- সি পি সি-র মিটিংগুলির সভাপতিত্ব করবেন। বি এল সি পি সি এবং ডব্লিউ সি এল সি পি সি-র সভাপতি প্রতি তিন মাসে একটি মিটিং-এর সভাপতিত্ব করবেন এবং ভি এল সি পি সি-র সভাপতি মাসিক মিটিং-এর সভাপতিত্ব করবেন।
- মিটিং-এর সভাপতিত্ব করবেন এবং কোনও ব্যাপারে পক্ষে ও বিপক্ষে সমসংখ্যক ভোট পড়লে তিনি তাঁর ভোট প্রয়োগ করবেন।
- শিশু সুরক্ষা সমিতি অনুমোদিত কার্যকলাপ এবং পরিকল্পনাগুলি পরিচালনা করার জন্য অর্থ জোগাড় করার ব্যবস্থা করবেন এবং সময়মত সেই অর্থ ব্যবহারের ব্যবস্থা করবেন।

- সচিব / কোষাধ্যক্ষের অনুপস্থিতিতে তাঁদের কাজগুলি করবেন।
- রিপোর্টগুলি সময়মত পাঠানো হচ্ছে কিনা তা নিশ্চিত করবেন। ভি এল সি পি সি-র সভাপতি বি এল সি পি সি-কে রিপোর্ট পাঠাবেন, বি এল সি পি সি এবং ডব্লিউ এল সি পি সি-র সভাপতি ডি সি পি এস-কে রিপোর্ট পাঠাবেন।

**ii. সচিব / আহ্বায়ক**

- মিটিংগুলি যাতে সময়মত হয় তার জন্য সচিবই আহ্বায়কের কাজ করবেন।
- মিটিং-এর নোটিশ, আমন্ত্রণ এবং আলোচ্য বিষয়সূচী সহ চিঠি প্রত্যেক মিটিং-এর আগে প্রত্যেক সদস্যের কাছে পাঠাবেন।
- প্রত্যেক মিটিং-এর উপস্থিতি এবং বিবরণসূচী রক্ষা করা।
- শিশু সুরক্ষা সমিতির তরফে চিঠি, রিপোর্ট সভাপতি মারফত উপযুক্ত কর্তৃপক্ষকে পাঠানো।
- সভাপতির অনুপস্থিতিতে তাঁর কাজগুলি করা।
- সি পি সি সদস্যদের খরচ সংক্রান্ত বিল এবং ভাউচার অনুমোদন করে পাঠানো।
- কোনও সদস্য গত তিনটি মিটিং-এ অনুপস্থিত থাকলে তা সমিতিকে জানানো এবং ব্যবস্থা নেওয়া।
- ডি সি পি এস থেকে পাওয়া নির্দেশ সি পি সি-কে জানানো।

**iii. কোষাধ্যক্ষ**

সি পি সি-গুলির কোষাধ্যক্ষ গ্রাম / ওয়ার্ড স্তরে একটি শিশু সুরক্ষা তহবিল তৈরি করবেন। শুধুমাত্র শিশু সুরক্ষা সমিতি (ভি এল সি পি সি / ডব্লিউ এল সি পি সি) দ্বারা চিহ্নিত এবং অনুমোদিত কাজের জন্যই এই তহবিলের অর্থ ব্যবহৃত হবে। এই তহবিলের জন্য সংগৃহীত অর্থ সরকারি ব্যাঙ্ক বা পোস্ট অফিসে শিশু সুরক্ষা সমিতির নামে একটি অ্যাকাউন্ট-এ রাখা হবে। এই অ্যাকাউন্ট-এর স্বাক্ষরকারীরা হবেন সভাপতি, কোষাধ্যক্ষ এবং সচিব। শিশু সুরক্ষা সমিতির তরফে কোনও কাজের জন্য টাকা দিতে হলে তিনজন স্বাক্ষরকারীর মধ্যে যে কোনও দু'জন সই করে টাকা তুলতে পারবেন।

- শিশু সুরক্ষা সমিতির হিসাবের নথিপত্র নিয়মিত বজার রাখতে হবে।
- সি পি সি-র সদস্যদের সঙ্গে আলোচনা করে এবং তাদের অনুমোদন নিয়ে শিশু সুরক্ষা সমিতির বার্ষিক বাজেট তৈরি করে তা অনুমোদন করিয়ে টাকা পাওয়ার জন্য উপযুক্ত কর্তৃপক্ষকে পাঠাতে হবে। ভি এল সি পি সি-র ক্ষেত্রে বাজেট পাঠাতে হবে বি এল সি পি সি-কে, ডব্লিউ এল সি পি সি-র ক্ষেত্রে তাদের বাজেট পাঠাতে হবে ডি সি পি এস-কে।
- বি এল সি পি সি-কে তাদের বাজেট তৈরি করার সময় ভি এল সি পি সি-র বাজেট-এর প্রয়োজনীয়তা এবং পরিকল্পনাকেও যোগ করতে হবে।
- প্রতি তিন মাস অন্তর ভি এল সি পি সি-র কোষাধ্যক্ষ খরচের হিসেব পেশ করবেন এবং তার কপি বি এল সি পি সি-কে পাঠাবেন।
- ডব্লিউ এল সি পি সি এবং বি এল সি পি সি-র কোষাধ্যক্ষ প্রতি বছর কিংবা ডি সি পি এস-এর নির্দেশানুযায়ী খরচের হিসেব পাঠাবেন ডি সি পি এস-কে।

- ভি এল সি পি সি-র কোষাধ্যক্ষ সমিতির ২/৩ জন সদস্যের উপস্থিতিতে বার্ষিক হিসাবের অডিট-এর ব্যবস্থা করবেন।
- যদি উপযুক্ত কর্তৃপক্ষকে দিয়ে অডিট করানো হয়, তাহলে সেই সময় কোষাধ্যক্ষ সেখানে উপস্থিত থাকবেন।

**iv. শিশু প্রতিনিধি**

- নিজেদের গ্রামে শিশু সুরক্ষা সংক্রান্ত যেসব ঝুঁকি, সাফল্য এবং প্রধান সমস্যাগুলির মোকাবিলা তাদের করতে হয়, শিশু প্রতিনিধিরা সেগুলি পেশ করবে।
- গ্রামে শিশু সুরক্ষার জন্য শিশুদের যে শিক্ষা, ঝুঁকি নেওয়ার ক্ষমতা বা অন্য যা কিছু প্রয়োজন, শিশু প্রতিনিধি তাও পেশ করবে।
- ভি এল সি পি সি এবং ডব্লিউ এল সি পি সি-র কোনও ব্যক্তিগত ঘটনাও শিশু প্রতিনিথি পেশ করতে পারে।
- কোনও শিশু যদি কোনও ব্যক্তিগত ঘটনা বি এল সি পি সি-তে পেশ করতে চায়, তাহলে আগে ভি এল সি পি সি থেকে অনুমোদন পত্র নিতে হবে।

## ৪.৫ শিশু সুরক্ষা সমিতির ক্ষমতা এবং সীমাবদ্ধতা

**i. শিশু সুরক্ষা সমিতিকে যেসব বিজ্ঞপ্তি দিতে হবে**

- যে সব সদস্য শিশু সুরক্ষা সমিতিটিতে নিযুক্ত হবে, উপযুক্ত কর্তৃপক্ষের দ্বারা তাদের নাম সকলকে জানাতে হবে।
- ওই অঞ্চলের দ্রষ্টব্য জায়গাগুলিতে ভি এল সি পি সি / ডব্লিউ এল সি পি সি-র সদস্যদের নামের তালিকা প্রদর্শন করতে হবে যাতে শিশুরা এবং তাদের মা, বাবারা কোনও ঘটনার কথা জানানোর প্রয়োজন হলে তাদের সঙ্গে যোগাযোগ করতে পারেন।
- বি এল সি পি সি-কে সমিতির তথ্যাবলী ব্লক অফিসের দ্রষ্টব্য স্থানে ফোন নম্বর (যেখানে শিশু সুরক্ষা সংক্রান্ত নালিশ জানাতে হবে) সহ প্রদর্শন করতে হবে।

**ii. শিশু সুরক্ষা সমিতি এবং খালি পদের মেয়াদ**

- সমিতির মেয়াদ হবে তিন বছর এবং সভাপতি এবং সদস্যদের মেয়াদও হবে সমিতির মেয়াদের সমান।
- কোনও সদস্য বা সভাপতি পরপর দুটি মেয়াদের বেশি ওই পদে থাকতে পারবেন না।
- যে কোনও সদস্য সমিতির যে কোনও পদ থেকে যে কোনও সময় পদত্যাগ করতে পারেন লিখিতভাবে সমিতির সভাপতি / সচিবকে জানিয়ে।
- কোনও সদস্য পরপর তিনবার মিটিং-এ অনুপস্থিত থাকলে, সমিতির ৩/৪ অংশ সদস্যদের সিদ্ধান্তে এবং ভোটে সমিতি সেই সদস্যকে কারণ দর্শানোর নোটিশ দিতে পারে। যদি খোঁজ নিয়ে জানা যায় যে অনুপস্থিতির যথাযথ কারণ ছিল না তাহলে ৩/৪ অংশ সদস্য মিটিং-এ থাকলে (সমিতির সদস্য সংখ্যার ন্যূনতম অর্ধেক) সেই সদস্যকে সাসপেণ্ড বা বহিষ্কার করা যাবে।

- সমিতির ৩/৪ অংশ সদস্যের সিদ্ধান্ত অনুযায়ী নিম্নোক্ত কারণে লিখিত নোটিশ দিয়ে কোনও সদস্যকে বহিষ্কার করতে পারে।
  - সি পি সি-র অর্থের অসদ্ব্যবহারের প্রমাণ থাকলে বা সমিতি প্রদত্ত ক্ষমতার অপব্যবহার করলে।
  - শিশুদের প্রতি অযত্ন, দুর্ব্যবহার, অত্যাচার বা খারাপ কাজে লাগানোর প্রচেষ্টার প্রমাণ থাকলে
  - অপরাধের জন্য আদালত শাস্তি দিয়ে থাকলে
  - মানসিক রোগের কারণে কাজ করবার ক্ষমতা না থাকলে
  - কেবলমাত্র সি পি সি দ্বারা নির্দেশিত কর্তৃপক্ষই কোনও সদস্যকে সাসপেণ্ড বা বহিষ্কার করতে পারবে।
- নিজেকে নিরপরাধ প্রমাণ করার সুযোগ না দিয়ে কোনও সদস্যকে বহিষ্কার করা হবে না। নোটিশের কপি উচ্চতর সমিতিকে দেওয়া হবে। ভি এল সি পি সি / ডব্লিউ এল সি পি সি-র ক্ষেত্রে কপি পাঠানো হবে বি এল সি পি সি-কে এবং বি এল সি পি সি-র ক্ষেত্রে কপি পাঠানো হবে ডি সি পি এস-কে।

**সমিতিতে সদস্যপদ খালি হলে**

- ভি এল সি পি সি দু'মাসের মধ্যে ওই খালি পদে সদস্য নিয়োগ করবে।
- ডব্লিউ এল সি পি সি এবং বি এল সি পি সি তিনমাসের মধ্যে খালি পদে সদস্য নিয়োগ করবে।
- সি পি সি-র সভাপতি এবং সচিব সি পি সি-র গঠনের নির্দেশিকা অনুযায়ী খালি পদে সদস্য নিয়োগের সিদ্ধান্ত নেবেন।

**iii. সি পি সি-র আইনি সমস্যা সংক্রান্ত নির্দেশিকা**

শিশু সুরক্ষা সংক্রান্ত ঘটনাগুলির ধরণ সম্পর্কে ভি এল সি পি সি, ডব্লিউ এল সি পি সি এবং বি এল সি পি সি-কে ওয়াকিবহাল হতে হবে। যদি কোনও অপরাধের ঘটনা আইনের আওতায় পড়ে বা আদালত / উচ্চ আদালত / সি ডব্লিউ সি / জে জে বি-র আওতায়, তাহলে সি পি সি তার মীমাংসার ব্যাপারে অংশ নেবে না। এই সব ক্ষেত্রে ডি সি পি এস-কে জানাতে হবে। ডি সি পি এস উকিল বা তাদের এই ব্যাপারে উপযুক্ত আধিকারিকের পরামর্শ নেবে।

**iv. শিশু সুরক্ষা সমিতির অর্থ সংক্রান্ত নির্দেশিকা**

- কোনও সমিতি শিশু তহবিল সংক্রান্ত অর্থ সংগ্রহ করার উদ্যোগ নিতে চাইলে উচ্চতর কর্তৃপক্ষকে আগাম জানিয়ে তাদের লিখিত অনুমোদন নিতে হবে।
- ভি এল সি পি সি-কে অর্থ সংক্রান্ত ব্যাপারে বি এল সি পি সি-এর কাছ থেকে লিখিত অনুমোদন নিতে হবে।
- বি এল সি পি সি-কে অর্থ সংগ্রহের ব্যাপারে ডি সি পি এস-এর কাছ থেকে লিখিত অনুমোদন নিতে হবে।
- অর্থ সংগ্রহের প্রক্রিয়া যেন ভারত সরকারের নিয়ম বহির্ভূত না হয়।

- কোনও অর্থ সংগ্রহের প্রক্রিয়া শুরু করার আগে ব্যাঙ্ক অ্যাকাউন্ট / পোস্ট অফিস অ্যাকাউন্ট অবশ্যই থাকতে হবে।
- টাকার রশিদ এবং রশিদের নথি অবশ্যই রাখতে হবে। প্রত্যেক নথিতে পৃষ্ঠা সংখ্যা লিখিত থাকতে হবে। সভাপতি, সচিব এবং কোষাধ্যক্ষকে নথি পরীক্ষা করে স্বাক্ষর করতে হবে।
- সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত ক্রিয়াকলাপের জন্য সি পি সি-কে নাগরিক সমাজ সংস্থা, কর্পোরেট, ট্রাস্ট, সোসাইটি, চেম্বার অফ কমার্স, আঞ্চলিক সেবামূলক সংগঠন ইত্যাদির কাছ থেকে সহযোগিতা চাইতে হবে।
- মদ তৈরির সংস্থা, তামাক জাত দ্রব্য উৎপাদনকারী সংস্থা, রাজ্য সরকারের তালিকা বহির্ভূত সংস্থা বা এই জাতীয় অন্য কোনও সংস্থার কাছ থেকে কোনও সাহায্য নেওয়া চলবে না। চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন সভাপতি, ডি সি পি এস-এর লিখিত অনুমোদন নিয়ে।

**শিশু সুরক্ষা সমিতির আর্থিক প্রয়োজনীয়তা**

- আর্থিক বছর শুরু হওয়ার আগে বা ডি সি পি এস-এর সিদ্ধান্ত অনুযায়ী ভি এল সি পি সি গ্রামে শিশু সুরক্ষার বার্ষিক পরিকল্পনা কার্যকর করার জন্য বি এল সি পি সি-র কাছে আর্থিক সাহায্য চাইতে পারে।
- ভি এল সি পি সি-র সার্বিক প্রয়োজনীয়তার কথা মাথায় রেখে ব্লক সি পি সি-গুলির খরচ এবং বি এল সি পি সি নিজস্ব খরচের জন্য একটি বার্ষিক পরিকল্পনা তৈরি করতে পারে।
- বি এল সি পি সি / ডব্লিউ এল সি পি সি ব্লক-এর আর্থিক প্রয়োজনীয়তার বার্ষিক পরিকল্পনা ডি সি পি এস-কে জমা দেবে।
- বি এল সি পি সি / ডব্লিউ এল সি পি সি বা ভি এল সি পি সি-র জন্য অতিরিক্ত আর্থিক প্রয়োজনীতার ব্যাপারে সিদ্ধান্ত নেবে উপযুক্ত কর্তৃপক্ষ, রাজ্য সরকারের নির্দেশাবলী অনুযায়ী।
- শিশু সুরক্ষা সমিতিগুলির সদস্য বা পদাধিকারীর কাজ করার জন্য ভি এল সি পি সি, ডব্লিউ এল সি পি সি বা বি এল সি পি সি-র সদস্য বা আধিকারিকরা কোনও সাম্মানিক অর্থ বা মাইনে পাবেন না।
- ভি এল সি পি সি, ডব্লিউ এল সি পি সি এবং বি এল সি পি সি সাম্মানিক পদ। কাগজপত্র কেনার জন্য, চিঠিপত্র পাঠানো এবং এই ধরণের অন্যান্য খরচ যা ডি সি পি এস দ্বারা অনুমোদিত, তার খরচ দেওয়া হবে।
- সি পি সি-র সদস্য এবং আধিকারিকদের ক্ষমতা বৃদ্ধির যে খরচ তা বি এল সি পি সি / ডব্লিউ এল সি পি সি-র বার্ষিক পরিকল্পনার সময় ধরতে হবে।
- বি এল সি পি সি-র বার্ষিক পরিকল্পনা (যাতে ভি এল সি পি সি-র পরিকল্পনাও আছে) এবং ডব্লিউ এল সি পি সি-র বার্ষিক পরিকল্পনার অনুমোদনের বিবেচনা করবে এবং সিদ্ধান্ত নেবে ডি সি পি এস।
- বি এল সি পি সি / ডব্লিউ এল সি পি সি-র মিটিং-এ উপস্থিত থাকার জন্য শিশুদের, তাদের মা বাবাদের এবং অন্যান্য সদস্যদের খরচের ব্যাপারে ডি সি পি এস-কে বিবেচনা করতে হবে।

## ৫। শিশু সুরক্ষা সমিতি অন্যান্য সাহায্যকারী বিশেষজ্ঞ সংস্থার সাহায্য কিভাবে নেবে

বিভিন্ন শিশু সুরক্ষা সমিতিগুলি শিশু সুরক্ষার সমস্যাগুলির ব্যাপারে নিজেদের ক্ষমতা অনুযায়ী ব্যবস্থা নিয়ে প্রয়োজন অনুযায়ী বিভিন্ন সাহায্যকারী বিশেষজ্ঞ সংস্থার কাছে পাঠাতে পারে নিম্নোক্ত পদ্ধতি অনুযায়ী :

i. **শিক্ষা কিংবা শারীরিক নির্যাতন দিয়ে শাস্তি বা স্কুলের গন্ডির ভেতরে দুর্ব্যবহার** - এই বিষয় সংক্রান্ত নালিশ / প্রস্তাব / প্রশ্ন সম্বলিত চিঠি পাঠাতে হবে বি ই ও / ডি ই ও-র কাছে। কপি দিতে হবে ডি সি পি এস, ডি এম, ডিরেক্টরেট অফ এডুকেশন, এস সি পি এস এবং জে জে অ্যাক্ট-এর অন্তর্গত উপযুক্ত কর্তৃপক্ষকে। সমিতি এই পদক্ষেপ নেওয়ার আগে স্কুল পরিচালন মণ্ডলির সঙ্গে কথা বলবেন বিষয়টির নিষ্পত্তির জন্য।

ii. **স্বাস্থ্য** - পি এইচ সি (প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র / সি এইচ সি / উপকেন্দ্রের সঙ্গে যোগাযোগ করতে হবে। সি এম ও, ডি এম, ডি সি পি এস, ডব্লিউ বি এস সি পি এস / জে জে অ্যাক্ট-এর অন্তর্গত উপযুক্ত কর্তৃপক্ষকে কপি দিতে হবে।

iii. **যানবাহন** - আর টি ও / কে টি সি-কে জানাতে হবে। কপি দিতে হবে ডি এম, ডি সি পি এস, ডব্লিউ বি এস সি পি এস / জে জে অ্যাক্ট-এর অন্তর্গত উপযুক্ত কর্তৃপক্ষকে।

iv. **শিশু সুরক্ষা** - যে সব শিশুর যত্ন ও সুরক্ষার প্রয়োজন তাদের ব্যাপারে জানাতে হবে সি ডব্লিউ সি / চাইল্ড লাইন / স্থানীয় থানা (কিশোর / শিশু কল্যাণ আধিকারিক) / ডি সি পি এস-কে। আইনের সঙ্গে সংঘাতে আসা শিশুদের ব্যাপারে জানাতে হবে জে জে বি / স্থানীয় (কিশোর / শিশু কল্যাণ আধিকারিক) / ডি সি পি এস-কে। জে জে অ্যাক্ট-এর অন্তর্গত উপযুক্ত কর্তৃপক্ষকে কপি দিতে হবে। জে জে বি এ ব্যাপারে নজরদারি এবং ব্যবস্থা গ্রহণের জন্য সি পি সি-কে নির্দেশ দিতে পারে। সি পি সি সেইমত ব্যবস্থা নেবে।

v. **শিশু শ্রম** - লেবার ইন্সপেক্টর, স্থানীয় পুলিশ (কিশোর / শিশু কল্যাণ আধিকারিক) / এস জে পি ইউ, সি ডব্লিউ সি / জে জে বি, চাইল্ড লাইন, জেলাশাসক, ডিস্ট্রিক্ট চাইল্ড লেবার টাস্ক ফোর্স / লেবার কমিশনার-কে জানাতে হবে। কপি দিতে হবে ডি ও এল / ডি সি পি এস / ডব্লিউ বি এস সি পি এস/ জে জে অ্যাক্ট-এর অন্তর্গত উপযুক্ত কর্তৃপক্ষকে।

vi. **বাল্য বিবাহ** - পুলিশ / এস এইচ ও, বাল্য বিবাহ নিরোধ আধিকারিক, প্রথম শ্রেণীর জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট, শিশু কল্যাণ সমিতি, চাইল্ডলাইন, জেলা শাসক-কে জানাতে হবে। কপি দিতে হবে ডি সি পি এস / ডব্লিউ বি এস সি পি এস / জে জে অ্যাক্ট-এর অন্তর্গত উপযুক্ত কর্তৃপক্ষকে।

vii. **শিশু পাচার** - যেখানে ঘটনাটির সূত্রপাত, যেখান দিয়ে নিয়ে যাওয়া হয়েছে এবং যেখানে পাচার করা হচ্ছে বা হয়েছে, সেখানকার থানায় এফ আই আর করতে হবে। প্রথম শ্রেণীর জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট, শিশু কল্যাণ সমিতি, চাইল্ডলাইন, জেলাশাসক-কে জানাতে হবে। কপি দিতে হবে ডি সি পি এস / ডব্লিউ বি এস সি পি এস / জে জে অ্যাক্ট-এর অন্তর্গত উপযুক্ত কর্তৃপক্ষকে।

# ৬। নজরদারির পদ্ধতি

### ৬.১.১ নজরদারির পদ্ধতি

i. বি এল সি পি সি / ডব্লিউ এল সি পি সি এবং ভি এল সি পি সি-র রিপোর্ট লেখার পদ্ধতি বা ফরম্যাট তৈরি করে দেবে ডি সি পি এস।

ii. প্রতি তিনমাস অন্তর ওই ফরম্যাট ভরে বি এল সি পি সি-র কাছে রিপোর্ট পেশ করবে ভি এল সি পি সি।

iii. ডব্লিউ এল সি পি সি এবং বি এল সি পি সি প্রতি তিনমাস অন্তর কিংবা ডি সি পি এস-এর নির্দেশ অনুযায়ী রিপোর্ট পেশ করবে।

iv. উপযুক্ত কর্তৃপক্ষ নজরদারির জন্য গ্রাম, ব্লক-এ যাবেন, আলোচনা করবেন এবং শিশু সুরক্ষা পরিকল্পনার ব্যাপারে সাহায্য করবেন।

v. শিশুদের খুঁজে বের করা এবং রিপোর্ট করার ব্যাপারে ডি সি পি এস, সি পি সি-দের ক্ষমতা বৃদ্ধিতে সাহায্য করবে।

vi. ডি সি পি এস, ভি এল সি পি সি এবং বি এল সি পি সি / ডব্লিউ এল সি পি সি-র নথি রাখবে তাদের নাম, ঠিকানা এবং পরিকল্পনা সহ।

vii. সি পি সি-দের ভালভাবে কাজ করার জন্য উৎসাহ দিতে উপযুক্ত কর্তৃপক্ষ মাঝে মাঝে তাদের কাছে যাবে।

viii. সি পি সি-র থেকে পাওয়া রিপোর্ট ডি সি পি এস ভালভাবে খুঁটিয়ে দেখে এবং বিবেচনা করে পদক্ষেপ নেবে এবং সময়মত সাহায্যকারী বিশেষজ্ঞ সংস্থার সাহায্য নেবে। প্রয়োজন হলে সি এস ও-র সাহায্য নেওয়া যেতে পারে।

ix. নতুন বার্ষিক কার্য পরিকল্পনা তৈরি করার আগে ডি সি পি এস, সি পি সি-গুলির পরিকল্পনার বার্ষিক মূল্যায়ন করবে এবং তারা কতটা এগিয়েছে এবং কি কি করনীয় তা বুঝে নেবে।

### ৬.২ সি পি সি-র রিপোর্ট পেশ

i. বি এল সি পি সি-কে তিনমাস অন্তর কাজ কতটা এগিয়েছে তার রিপোর্ট পাঠাতে হবে ডি সি পি এস-এর কাছে।

ii. ভি এল সি পি সি-কে তিনমাস অন্তর কাজ কতটা এগিয়েছে তার রিপোর্ট পাঠাতে হবে বি এল সি পি সি-র কাছে।

iii. রিপোর্ট করার ফরম্যাট তৈরি করবে ডি সি পি এস - ভি এল সি পি সি এবং বি এল সি পি সি / ডব্লিউ এল সি পি-র জন্য।

## ৭. পুরস্কার ও প্রশংসা

**শিশু সুরক্ষা সমিতির জন্য বার্ষিক পুরস্কার :** প্রতি বছর ব্লক স্তরে অন্তত ৩টি শ্রেষ্ঠ শিশু সুরক্ষা সমিতিকে নগদ বা অন্য কোনও জিনিস দিয়ে পুরস্কৃত করা হবে গ্রাম স্তরে শিশুদের উন্নয়ন এবং সুরক্ষার জন্য সাফল্যের সঙ্গে নতুন ব্যবস্থা চালু করার জন্য। এই পুরস্কার দেওয়া হবে নভেম্বর মাসে শিশু অধিকার সপ্তাহে। শ্রেষ্ঠ শিশু সুরক্ষা সমিতি নির্বাচন করা হবে ডি সি পি এস-কে দেওয়া এস সি পি এস-এর নিরীক্ষণের ভিত্তিতে। ডি সি পি এস নিয়োজিত নির্বাচক মন্ডলী পুরস্কার প্রাপকদের বেছে নেবেন।

## ৮. শিশু সুরক্ষা সমিতির / সদস্যদের প্রশিক্ষণ ও ক্ষমতা বৃদ্ধি

গঠিত হওয়ার পরে শিশু সুরক্ষা সমিতিগুলিকে শিশুরঅধিকার সম্পর্কে প্রশিক্ষণ নিতে হবে / জ্ঞান বাড়াতে হবে। সি পি সি-র ভূমিকা ও দায়িত্ব এবং অন্যান্য বিষয়ে জানতে হবে। এই প্রশিক্ষণের ব্যবস্থা করবে পশ্চিমবঙ্গ রাজ্য শিশু সুরক্ষা সমিতি (ডব্লিউ এস সি পি এস) কিংবা জেলা শিশু সুরক্ষা সমিতি সরাসরি প্রশিক্ষণ দেবে

কিংবা স্থানীয় স্বেচ্ছাসেবী সংস্থার সহযোগিতায় এবং রাজ্য সরকারের ট্রেনিং সেল / এন আই পি সি সি ডি-র স্থানীয় প্রশিক্ষণ কেন্দ্রে। এই প্রশিক্ষণ এবং পরিচয় পর্ব নিয়মিত, বছরে অন্তত একবার করতে হবে। সি পি সি-র প্রশিক্ষণের জন্য কয়েকটি প্রস্তাবিত বিষয় :

- শিশু অধিকার — ইউ এন সি আর সি এবং সংবিধানের অধিকার
- সবচেয়ে সুরক্ষার প্রয়োজন এমন শিশুদের চিহ্নিত করা
- ম্যাপিং-এর কাজ
- পরিকল্পনা এবং বাজেট তৈরি
- সাহায্যকারী বিশেষজ্ঞ সংস্থার কাজ পাঠানোর পদ্ধতি
- সরকারি পরিকল্পনা এবং ব্যবস্থা
- সি পি সি সদস্যদের ঘটনাস্থল পরিদর্শন
- আচরণ বিধি

## ৯. শিশু সুরক্ষার আচরণ বিধি এবং দায় বহনের পদ্ধতি

যেসব শিশু সুরক্ষা সমিতির সদস্য শিশুদের সাহচর্যে আছে তাদের কি করণীয় এবং কি করণীয় নয় :

| অবশ্য করণীয় | কখনই করণীয় নয় |
|---|---|
| ক. শিশুদের কথা শুনতে হবে, তাদের প্রতি শ্রদ্ধাশীল হতে হবে, তাদের ক্ষমতা দিতে হবে এবং যথাসম্ভব কাজ করতে দিতে হবে। | ক. মারা বা শারীরিক আঘাত করা বা শারীরিক ক্ষতি করা। |
| খ. যে সব অবস্থায় বিপদের আশঙ্কা আছে সে বিষয়ে সচেতন হতে হবে এবং সামাল দিতে হবে। | খ. শিশুর সঙ্গে শারীরিক / যৌন সম্পর্ক স্থাপন করা। |
| গ. সদস্যদের নিজেদের মধ্যে যেন দায়বদ্ধতা থাকে যাতে খারাপ অভ্যাস বা সম্ভাব্য দুর্ব্যবহার ধামাচাপা না পড়ে যায়। | গ. শিশুদের সঙ্গে এমন কোনরকম সম্পর্ক স্থাপন করা যাকে সুযোগ নেওয়া বা দুর্ব্যবহারের পর্যায়ে ফেলা যায়। |
| ঘ. শিশুদের মতামতের গুরুত্বের বিষয়ে তাদের সঙ্গে কথা বলা এবং সমস্যা নিয়ে আলোচনা করতে উৎসাহ দেওয়া। | ঘ. এমন ব্যবহার করা যা দুর্ব্যবহারের পর্যায়ে পড়তে পারে এবং শিশুর প্রতি দুর্ব্যবহারের ঝুঁকিকে বাড়িয়ে তুলতে পারে। |
| ঙ. শিশুদের ক্ষমতা দিয়ে তাদের সঙ্গে তাদের অধিকার নিয়ে আলোচনা করা, কোনটি গ্রহণযোগ্য কোনটি নয় এবং কোনও সমস্যা হলে তারা কি করতে পারে। | ঙ. এমন ভাষা ব্যবহার করা, এমন প্রস্তাব বা উপদেশ দেওয়া যা অনুচিত, খারাপ এবং দুর্ব্যবহারের পর্যায়ে পড়ে। |
| চ. তাদের সমস্যাকে গুরুত্ব দিয়ে দেখা। | চ. শারীরিক ভাবে এমন ব্যবহার করা যা অনুচিত এবং যৌন উত্তেজক। |
| ছ. যে শিশুদের কোনও সমস্যার সম্মুখীন হতে হয়েছে তাদের সুরক্ষার জন্য ইতিবাচক পদক্ষেপ নেওয়া। | ছ. যে শিশুর সঙ্গে কাজ করছে তার সঙ্গে এক বিছানায় বা এক ঘরে ঘুমানো। |
| জ. কোনও অনুসন্ধানের পদ্ধতিতে উচিতভাবে এবং কার্যকরভাবে এগোন এবং শিশুর সর্বতোভাবে ভাল হয় এমন পথে যেন অনুসন্ধান এগোয় তা দেখা। | জ. নিজে যে কাজ করতে পারে তা শিশুদের করতে বলা। |
| ঝ. শিশুদের মতামত এবং ইচ্ছেকে গুরুত্ব দেওয়া এবং মন দিয়ে শোনা। | ঝ. শিশুর বেআইনি, বিপজ্জনক কাজ এবং দুর্ব্যবহারকে সমর্থন করা বা তাতে যোগদান করা। |
| ঞ. শিশুদের সুরক্ষার জন্য মা বাবা / যারা শিশুর যত্ন নেন এবং / কিংবা অন্যান্য বিশেষজ্ঞের সঙ্গে হাত মিলিয়ে কাজ করা। | ঞ. এমন ব্যবহার করা যা শিশুদের লজ্জা দেবে, অবমাননা করবে, ছোট করবে বা নিচু দেখাবে কিংবা অন্য কোনরকম মানসিক অত্যাচার। |
| ট. যে কোন সমস্যার কথা উত্থাপন করার এবং আলোচনা করার মত খোলামেলা পরিবেশ যেন থাকে তা নিশ্চিত করা। | ট. কোনও কোনও শিশুর প্রতি পক্ষপাত দেখানো, পার্থক্যমূলক ব্যবহার করা। |
| | ঠ. লিঙ্গভিত্তিক গর্ভপাত, বাল্য বিবাহ, শারীরিক আঘাত দিয়ে শাস্তি, শিশু শ্রম ইত্যাদিকে সমর্থন করা বা তাতে যোগদান করা। |

## ১০। সংযোজন

**১০.১ মিটিং-এর কার্য বিবরণী রিপোর্ট / কর্তৃপক্ষের কাছে রিপোর্ট পেশ করা এবং উচ্চ পর্যায়ের সঙ্গে যোগাযোগ বজায় রাখা**

মিটিং-এ যা আলোচনা হয়েছে সি পি সি রা তা এই ফর্ম-এ পেশ করতে পারে। এইভাবে ফর্ম ভর্তি করলে মিটিং -এ যা হয়েছিল তার রেকর্ড থাকবে এবং পরবর্তীকালে মিটিং-এ আলোচিত বিষয়গুলিতে কাজ করার সুবিধা হবে। এই ফর্ম কিভাবে ভর্তি করতে হবে তা গ্রাম / ওয়ার্ড / ব্লক স্তরের সি পি সি-দের ভাল করে বুঝিয়ে দিতে হবে।

**১০.২ সুরক্ষার ঝুঁকি / ঘটনাবলী / বিপদ আশঙ্কার পরিসংখ্যান (সি পি সি-গুলির)**

ওই সমাজে বিভিন্ন ঘটনা এবং / কিংবা শিশু সুরক্ষার ক্ষেত্রে যে সব বিপদের আশঙ্কা আছে তা নথিভুক্ত করার জন্য এটি একটি প্রস্তাবিত পরিসংখ্যান লিপি। এই তথ্যগুলি ভর্তি করলে যে কোন ঘটনার রেকর্ড থাকবে এবং সমস্যাগুলি নিয়ে বিভিন্ন উপায়ে কাজ করতে সি পি সি-গুলির সুবিধা হবে। পরবর্তীকালে ওইসব ঘটনার ব্যাপারে কাজ করার সময়ও এই পরিসংখ্যান লিপি কাজে লাগবে। এই ফর্মটি কিভাবে ভর্তি করতে হবে তা গ্রাম / ওয়ার্ড/ ব্লক স্তরের সদস্য সচিবকে ভাল করে বুঝিয়ে দিতে হবে।

**১০.৩ সাহায্যকারী বিশেষজ্ঞ সংস্থাগুলির ভূমিকা** : চাইল্ডলাইন, শিশুকল্যাণ সমিতি, কিশোর ন্যায়বিচার পর্যদ, ডি সি পি এস, এস সি পি এস, শিশুকল্যাণ আধিকারিক (থানা), স্বেচ্ছাসেবী সংস্থা / সি এস ও এবং পঞ্চায়েত অফিস।

মিটিং সংখ্যা মিটিং-এর তারিখ .................................. মিটিং স্থল ............................................................

## ১০.১ শিশু সুরক্ষা সমিতি

শিশু সুরক্ষা সমিতি হল সমাজ ভিত্তিক প্রচেষ্টার একটি অংশ যার উদ্দেশ্য হল সাধারণভাবে শিশু সুরক্ষার বিষয়গুলিকে এবং যে সব শিশুর / পরিবারের বিশেষ যত্ন ও সুরক্ষার প্রয়োজন তাদের চিহ্নিত করা। ভি এল সি পি সি-র ক্ষেত্রে স্বাভাবিক সময়ে মাসে একবার মিটিং হয়, জরুরি অবস্থা হলে মাসে দুবার মিটিং হয়। ডব্লিউ এল সি পি সি এবং বি এল সি পি সি-র ক্ষেত্রে তিনমাসে একবার সদস্য সচিবের নির্বাচিত স্থানে মিটিং হওয়া উচিত। সমাজে শিশু সুরক্ষার প্রয়োজন, এমন ঘটনা ঘটলে, তা শিশু সুরক্ষা সমিতিকে জানানো হয়। তারা সমাজ, মা বাবা, স্কুল, স্থানীয় প্রশাসন এবং পঞ্চায়েতের সহযোগিতায় ঘটনাটির মোকাবিলা করে।

গ্রাম স্তরের বিষয়গুলির নিষ্পত্তি হয়, ওই অঞ্চলের সমাজের সহযোগিতায়। কিন্তু অনেক সমস্যা সমাধানের জন্য এবং তা বজায় রাখার জন্য জেলা পর্যায়ের কর্তৃপক্ষের সাহায্যের প্রয়োজন হয়। গ্রাম এবং জেলা সংগঠনগুলির মধ্যে সরাসরি যোগাযোগ স্থাপন করতে হবে। গ্রাম স্তরের শিশু সুরক্ষা সমিতিগুলি সমস্যা সমাধানের জন্য সাহায্য নেবে জেলা স্তরের শিশু সুরক্ষা সমিতির কাছ থেকে (আই সি পি এস-এর অন্তর্গত)। শিশু সুরক্ষা সমিতিগুলির সঙ্গে জেলা শিশু সুরক্ষা সংগঠনের যোগাযোগ থাকলে গ্রামগুলিতে শিশু সুরক্ষার উদ্যোগ জোরদার হবে। ডি সি পি এস ছাড়া অন্যান্য সাহায্যকারী বিশেষজ্ঞ সংস্থার (চাইল্ডলাইন, সি ডব্লিউ সি, ডি ডব্লিউ ও, পি আর আই প্রধান, প্রশাসন) সাহায্য নেওয়া উচিত।

সি পি সি তাদের কাজের পরিধি বোঝানোর জন্য যে কোন সরকারি কর্মচারি বা লগ্নীকারীকে আমন্ত্রণ জানাতে পারে।

**শিশু সুরক্ষা সমিতির সদস্য সচিবকে মনে রাখতে হবে**

- নিচের ফরম্যাট-এ বিবরণসূচী লিখতে হবে।
- সব বিষয়ে বিস্তারিত আলোচনা করতে হবে। শিশু সুরক্ষার বিষয়গুলি আলোচনার সময় কেন, কিভাবে, কোথায় এবং কি করা উচিত এগুলি আলোচিত হতে হবে।
- সি পি সি প্রস্তাবিত সমাধানের উপায় পরিষ্কার করে লিখতে হবে।
- বিবরণসূচী লেখার পর তা জোরে জোরে সি পি সি-কে পড়ে শোনাতে হবে। সচিব বা সি পি সি-র পক্ষে যিনি মিটিং পরিচালনা করছেন তাকে স্বাক্ষর করতে হবে।

মিটিং সংখ্যা        মিটিং-এর তারিখ ..................................        মিটিং স্থল ..........................................................

**গ্রাম স্তরের শিশু সুরক্ষা সমিতির বিবরণ সূচী**

যিনি মিটিং-এর বিবরণসূচী লিখছেন তার নাম ঃ ...........................................................................................................

পূর্ববর্তী ঘটনাবলী ও তার সমাধানের জন্য কি কি করা হয়েছে ঃ

সুরক্ষার ঝুঁকি / ঘটনা ঃ

সমাধানের জন্য কি কি করা হয়েছে ঃ

আর কি করা যেতে পারে ঃ

আজকের মিটিং-এর বিষয়সূচী ঃ

আজকের মিটিং-এ যে বিষয়গুলি উত্থাপিত ও আলোচিত হয়েছে ঃ

সুরক্ষার ঝুঁকি / ঘটনা ঃ (গ্রামে পূর্ববর্তী মিটিং-এর পর থেকে কোন শিশু সুরক্ষা সংক্রান্ত ঘটনা ঘটেছে কিনা)

কার বিপদের ঝুঁকি আছে? (বিপদের ঝুঁকির কথা আলোচনা করুন, কখন এবং কেন)

সি পি সি সচিব .....................................................        সভাপতি .................................

মিটিং সংখ্যা                    মিটিং-এর তারিখ ..................................        মিটিং স্থল .............................................................

**ওই সমাজে কতটা ক্ষমতা ঃ** (সি পি সি-র মধ্যে এবং সমাজে কতটা ক্ষমতা আছে তা আলোচনা করুন বিপদের ঝুঁকি কমানো জন্য)

**শিশু সুরক্ষা সমিতির প্রস্তাবিত সমাধানের উপায় ঃ** আলোচিত সমাধানের নানা উপায়গুলি লিখুন এবং বিপদের ঝুঁকি কমানোর জন্য শেষ সিদ্ধান্ত কি হল)

**জরুরি ভিত্তিতে পরবর্তী ঘটনার মোকাবিলা এবং কর্মসূচী ঃ** (ঝুঁকি কমানোর জন্য পরবর্তী ব্যবস্থা গ্রহণ সি পি সি / যারা সমাজকে কিছু করতে উদ্বুদ্ধ করে / স্বেচ্ছাসেবী সংস্থার ভূমিকার কথা লিখুন।

**আজকে যিনি সমাজকে উদ্বুদ্ধ করেছেন তিনি শিশু সুরক্ষার কোন বিষয়টি নিয়ে আলোচনা করেছেন ঃ** (শিশু সুরক্ষার যে কোন একটি বিষয় নিয়ে সি পি সি-র সঙ্গে আলোচনা করুন সচেতনতা এবং সংবেদনশীলতা সৃষ্ঠির জন্য)।

সি পি সি সচিব .......................................................        সভাপতি ..................................

মিটিং সংখ্যা  মিটিং-এর তারিখ ................................  মিটিং স্থল ..................................

| ক্রমিক সংখ্যা | উপস্থিত পুরুষ সদস্যের নাম | স্বাক্ষর | ক্রমিক সংখ্যা | উপস্থিত মহিলা সদস্যের নাম | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ১ | | | | | |
| ২ | | | | | |
| ৩ | | | | | |
| ৪ | | | | | |
| ৫ | | | | | |
| ৬ | | | | | |
| ৭ | | | | | |
| ৮ | | | | | |
| ক্রমিক সংখ্যা | অনুপস্থিত পুরুষ সদস্যের নাম | কারণ | ক্রমিক সংখ্যা | অনুপস্থিত মহিলা সদস্যের নাম | কারণ |
| ১ | | | | | |
| ২ | | | | | |
| ৩ | | | | | |

সি পি সি সচিব .....................................................  সভাপতি ................................

১০.২ সুরক্ষার ঝুঁকি / ঘটনাবলী / বিপদ আশঙ্কার পরিসংখ্যান লিপি (সি পি সি-গুলির)

সি পি সি / দল ঃ

তারিখ ঃ

স্থান ঃ

| সুরক্ষার ঝুঁকি / ঘটনাবলী | কারণ | সমাজের মধ্যে কি ক্ষমতা আছে | দল সমাধানের কি প্রস্তাব দিয়েছে (সি পি সি, শিশু গোষ্ঠী, ইত্যাদি) | শিশুরা / তাদের পরিবারেরা কোন সমস্যাগুলির সমাধান করা সবচেয়ে গুরুত্বপূর্ণ মনে করছে | জরুরি ভিত্তিতে পরবর্তী পদক্ষেপ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

### ১০.৩। বিভিন্ন সাহায্যকারী বিশেষজ্ঞ সংস্থার ভূমিকা

১. **চাইল্ড লাইন** হল একটি ২৪-ঘন্টার জরুরি ফোন মারফত সাহায্যের ব্যবস্থা যেসব শিশুর যত্ন ও সুরক্ষার প্রয়োজন তাদের জন্য। এরা এইসব শিশুদের সঙ্গে পুনর্বাসন ব্যবস্থা যারা করে তাদেরও যোগাযোগ করিয়ে দেয়। চাইল্ড লাইন ইণ্ডিয়া ফাউন্ডেশন (সি আই এফ) নামক কেন্দ্রীয় সংস্থা বিভিন্ন জায়গায় চাইল্ড লাইন ব্যবস্থা স্থাপন করে। এছাড়া নথিকরণ ও গবেষণার কাজ, সচেতনতা বাড়ানোর কর্মসূচী এবং দেশে চাইল্ড লাইন ব্যবস্থা জোরদার করার কাজও সি আই এফ করে।

২. **শিশু সুরক্ষা সমিতিগুলি (সি ডব্লি সি)** কিশোর ন্যায়বিচার (শিশুদের যত্ন ও সুরক্ষা) আইন ২০০৬ সালের সংশোধন অনুযায়ী যেসব শিশুদের যত্ন এবং সুরক্ষার প্রয়োজন, তাদের যত্ন, সুরক্ষা, চিকিৎসা, বিকাশ এবং পুনর্বাসন সংক্রান্ত সব ব্যাপারের সমাধান করবে এবং শিশুদের ন্যূনতম চাহিদা মেটাবে ও মানবাধিকার রক্ষা করবে।

৩. **কিশোর ন্যায়বিচার পর্ষদ ঃ** কিশোর ন্যায়বিচার (শিশুদের যত্ন ও সুরক্ষা) আইন ২০০৬ সালের সংশোধন অনুযায়ী প্রত্যেক জেলায় একটি করে কিশোর ন্যায় বিচার পর্ষদ থাকতে হবে যারা সেইসব ঘটনার দায়িত্বে থাকবে যেখানে শিশুর সঙ্গে আইনের সংঘাত ঘটেছে।

কিশোর ন্যায়বিচার আইন ২০০০ অনুযায়ী পুলিশ ও শিশুদের সংযোগকে উন্নত করতে প্রতি জেলা এবং শহরে কিশোরদের জন্য বিশেষ পুলিশ সেল স্থাপন করা যাবে। যেসব পুলিশ অফিসারকে কিশোর / শিশু কল্যাণ আধিকারিকের পদ দেওয়া হবে তারা সবাই হবে এস জে পি ইউ-এর সদস্য।

৪. **কিশোরদের জন্য বিশেষ পুলিশ সেল (এস জে পি ইউ) এবং শিশু কল্যাণ আধিকারিক ঃ** কিশোর ন্যায়বিচার আইন ২০০০ অনুযায়ী পুলিশ ও শিশুদের সংযোগকে উন্নত করতে প্রতি জেলা এবং শহরে কিশোরদের জন্য বিশেষ পুলিশ সেল করা যাবে। যেসব পুলিশ অফিসারকে কিশোর / শিশু কল্যাণ আধিকারিকের পদ দেওয়া হবে তারা সবাই হবে এস জে পি ইউ-এর সদস্য।


নিয়ম অনুযায়ী আই সি পি এস প্রত্যেক এস জে পি ইউ-কে সাহায্য করার জন্য দু'জন সবেতন সমাজসেবী দেবে। জেলা শিশু সুরক্ষা সোসাইটি এই সমাজসেবীদের চাকরি দেবে এবং প্রয়োজন অনুযায়ী তাদের এস জে পি ইউ-এর কাজে নিয়োগ করবে। দু'জন সমাজসেবীর মধ্যে অন্তত একজনকে মহিলা হতে হবে এবং অন্যজনের শিশু সুরক্ষার বিষয়ে অভিজ্ঞতা থাকতে হবে। ডি সি পি এস-এর বাজেট থেকে এই দু'জন সমাজসেবীর বেতন দেওয়া হবে।

৫. **জেলা শিশু সুরক্ষা সমিতি (ডি সি পি সি) ঃ** প্রত্যেক জেলায় একটি করে জেলা শিশু সুরক্ষা সমিতি (ডি সি পি সি) থাকবে। এর সভাপতির পদে থাকবেন জেলা পরিষদের সভাপতি। এই সমিতি আই সি পি এস ঠিকমত কাজে লাগানো হচ্ছে কিনা তা দেখবে। ডি সি পি সি-র সহ-সভাপতি হবেন জেলাশাসক। ডি সি পি সি-র কার্যকলাপের বিশদ বিবরণ নজরদারি ও মূল্যায়ণ বিভাগে দেওয়া হয়েছে।

৬. **রাজ্য শিশু সুরক্ষা সমিতি (এস সি পি সি) ঃ প্রত্যেক রাজ্যে একটি রাজ্য শিশু সুরক্ষা সমিতি থাকবে যার সভাপতি হবেন রাজ্যের সচিব। এই সমিতি আই সি পি এস-এর সঙ্গে যোগাযোগ রাখবে পরিকল্পনার রূপায়ন যথাযথ হচ্ছে কিনা তা দেখার জন্য। এ ব্যাপারে বিশদ বিবরণ দেওয়া হয়েছে নজরদারি ও মূল্যায়ন বিভাগে।**

৭. **পঞ্চায়েত** গ্রামের উপর নজরদারি করে। শিশু বিকাশ প্রকল্প সহ আরও নানা গ্রামোন্নয়ন প্রকল্প শুরু করার দায়িত্ব পঞ্চায়েতের। গ্রামে শিশুদের অধিকার বজায় রাখার মত পরিবেশ সৃষ্টির দায়িত্বও এদের। পঞ্চায়েত প্রধান এবং পঞ্চায়েতের সদস্যরা শিশু সুরক্ষা সমিতিগুলির অবিচ্ছেদ্য অংশ। সেই কারণে প্রত্যেকটি সংসদ গ্রামের শিশু সুরক্ষা সংক্রান্ত সমস্যাগুলি রিপোর্ট করা হয় এবং তার সমাধানের ব্যবস্থা হয়। গ্রাম পঞ্চায়েতের দায়িত্ব হল, স্থানীয় স্তরে পরিকল্পনা করা এবং বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচী চালু করা। পঞ্চায়েত সদস্যরা উপ সমিতি তৈরি করে যাদের কাজ হল দেখা যে গ্রাম পঞ্চায়েতের চালু করা বিভিন্ন উন্নয়নমূলক কাজ কতটা সফল হচ্ছে।

## ১০.৪। সি পি সি-র প্রতিকার পদ্ধতি




যোগাযোগের সূত্র যাবে নিম্নোক্ত বিভাগের প্রধানদের কাছে / নিম্নোক্ত বিষয়ের বিশেষজ্ঞদের কাছে :

i. **জেলা শাসক**

ii. **শিক্ষা :** স্কুল পরিচালক মণ্ডলি / সমিতি / ব্লক / জেলা শিক্ষা দপ্তর

iii. **স্বাস্থ্য :** পি এইচ সি (প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র) / সি এইচ সি / উপ-কেন্দ্র / সি এম ও

iv. **যানবাহন :** আর টি ও / কে টি সি

v. **শিশু সুরক্ষা :**
- যে শিশুদের যত্ন ও সুরক্ষা প্রয়োজন : সি ডব্লিউ সি / চাইল্ডলাইন / স্থানীয় পুলিশ (কিশোর / শিশু কল্যাণ আধিকারিক)
- আইনের সঙ্গে সংঘাতে থাকা শিশু / কিশোর — যোগাযোগ করতে হবে - জে জে বি / স্থানীয় পুলিশ (কিশোর / শিশু কল্যাণ আধিকারিক)

vi. **শিশু শ্রম :** লেবার ইন্সপেক্টর, স্থানীয় পুলিশ (কিশোর / শিশু কল্যাণ আধিকারিক) / এস জে পি ইউ, সি ডব্লিউ সি / জে জে বি, চাইল্ড লাইন

vii. **বাল্য বিবাহ :** পুলিশ / এস এইচ ও, বাল্য বিবাহ প্রতিরোধ আধিকারিক, প্রথম শ্রেণীর জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট, সি ডব্লিউ সি, চাইল্ড লাইন

viii. **শিশু পাচার :** থানায় এফ আই আর করতে হবে; প্রথম শ্রেণীর জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট, সি ডব্লিউ সি, চাইল্ডলাইন

*Note:*